- ✿ উপযুক্ত প্রযুক্তি ও বাজারে চাহিদার অভাবে কোনও শিল্প বা কারখানা যদি রুগ্ন হওয়ার দিকে এগিয়ে যায়, তার পুনরুজ্জীবনের জন্য রাষ্ট্রকে সদর্থ ব্যবস্থা নিতে হবে। কিন্তু চটজলদি মুনাফা লুটতে প্রোমোটরের সঙ্গে যোগসাজশে কারখানাকে রুগ্ন করার যে কোনও অপপ্রয়াসকে শাস্তিযোগ্য অপরাধ বলে ঘোষণা করতে হবে।
- ✿ বাজার অর্থনীতিতে রপ্তানিমুখী বাণিজ্যের নামে রাষ্ট্রের মধ্যে স্বতন্ত্র রাষ্ট্রের মতাভোগী **বিশেষ অর্থনৈতিক অঞ্চল** স্থাপন যে আদতে রাষ্ট্রীয় অর্থনীতিতে কোনও দীর্ঘমেয়াদি লাভ সঞ্চার করতে পারেনি বরং রাজস্বভাণ্ডারে ক্ষতি করেছে দীর্ঘমেয়াদি ও ক্ষুণ্ণ করেছে দেশবাসীর নাগরিক স্বার্থ, তা ইতিমধ্যেই প্রমাণিত। এই ভুল নীতির বিলোপ সাধনের দাবিতে তৃণমূল কংগ্রেস সক্রিয় থাকবে।
- ✿ **অসংগঠিত শিল্পের জন্য ডাটা ব্যাঙ্ক তৈরি করে সামাজিক সুরক্ষা ও আর্থিক প্যাকেজ ঘোষণা করতে হবে। এই ক্ষেত্রে কর্মরত শ্রমজীবি মানুষদের প্রত্যেকের ক্ষেত্রে নির্দিষ্ট ব্যাঙ্ক তৈরি করে অ্যাকাউন্টের ব্যবস্থা করতে হবে।**
- ✿ চুক্তির ভিত্তিতে নিয়োগ বাতিল করতে হবে। সরকারি ক্ষেত্রে কর্মসংস্থানের নিরাপত্তা দিতে হবে।
- ✿ তথ্য প্রযুক্তিতে সামাজিক নিরাপত্তার কর্মনিশ্চয়তার ব্যবস্থা নিতে হবে।
- ✿ জাতীয় বীমানিগমকে বিরাষ্ট্রীয়করণের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস। বীমানিগমকে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে রেখে বীমাকারীদের সুরক্ষা ও আধুনিক দ্রুতগামী পরিষেবা দেবার দাবি জানায়।
- ✿ দেশের আভ্যন্তরীণ তৈল উৎপাদন বৃদ্ধি ও আধুনিকীকরণের দাবি জানায় তৃণমূল কংগ্রেস। এ বিষয়ে গঠিত পেট্রোলিয়াম তহবিলে রক্ষিত অর্থকে যথোপযুক্ত ব্যবহার করার দাবি জানায় দল।
- ✿ **ভূমি নীতি বলপূর্বক জমি নেওয়া যাবে না, কালো তালিকাভুক্ত শিল্পপতিদের বিনিয়োগের ঢালাও ছাড়পত্র দেওয়া যাবে না।**
- ✿ **জমি ব্যবহারের জন্য Land Bank ও 'পরিচালন পদ্ধতি'-র ব্যবস্থা নেবে দল।**

- ✿ **বন্ধ কলকারখানা চালু করে কর্মচ্যুত শ্রমিকদের (১৫ লক্ষ শ্রমিক) পুনরায় কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে।**
- ✿ **বন্ধ কারখানার জমিতে কারখানা স্থাপন করার দাবি (জমি উদ্ধারে মনিটারিং সেল তৈরি করতে হবে)। নতুন করে চালু করে ১৫ লক্ষ বেকারের কর্মসংস্থান করতে হবে।**
- ✿ **রাজ্যে ভ্যাট নীতি বাতিল করতে হবে।**

সরকারি চালাকির জাঁতাকলে পড়ে সাধারণ মানুষ অসহায় হয়ে কীভাবে বলির পাঁঠা হচ্ছেন নানারকম ট্যাক্স, সেস ও ডিউটি'র বোঝায় — তারই কিছু প্রত্যক্ষ তালিকা নিচে দেওয়া হল। এতো করে বোঝা চাপিয়েও কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার বার বার পেট্রোলিয়াম দ্রব্যাদি ছাড়াও অন্যান্য জিনিসপত্রের দাম অহেতুক বাড়িয়ে দিচ্ছে।

কেন একজনকে অনেক রকম ট্যাক্স দিতে হবে? এতে ব্যবসা ধাক্কা খায়।

লক্ষ্য রাখুন এক নজরে মানুষকে কতবার কতক্ষেত্রে কতরকম ভাবে কর দিতে হয়!

TAX

1. Corporation Tax
2. Taxes on Income
3. Wealth Tax
4. Customs
5. Service tax
6. Surcharge on Motor Spirit
7. Land Revenue
8. Registration Fees
9. Value Added tax
10. Sales Tax
11. Taxes on Vehicles
12. Taxes on Goods and Passengers
13. Octroi
14. Professional Tax
15. Trade Licence Fee
16. Bengal Amusement Tax Act
17. WB Entertainment and Luxurious Tax
18. West Bengal Additional Tax on One-Time Tax on Motor Vehicles
19. Property tax
20. Howrah Bridge Tax
21. Works Contract tax
22. Water Tax
23. Agricultural Income Tax
24. Advertisement Tax
25. Security Transaction Tax
26. Commodity Transaction Tax
27. Banking Transaction Tax
28. Fringe Benefit Tax
29. Central Sales Tax
30. Turnover Tax
31. Terminal Tax on Railway Passengers Act.
32. The Medicinal And Toilet Preparation (Excise Duties) Act, 1955.
33. Expenditure Tax

CESS

1. Cess on Motor Spirit
2. Cess on High Speed Diesel Oil
3. Education Cess
4. Secondary and Higher Education Cess
5. Agricultural Produce Cess
6. Cess on Tea
7. Cess on Oil
8. Cess on Rayon Fibre
9. Welfare Cess on Bidi
10. cess on Matches
11. Cess on Rubber
13. Cess on Coffee
13. Cess on Manmade Fibre
14. Passengers Cess on Straw Board
15. Cess on Automobile
16. Cess on Other Commodities
17. Cess on Jute
18. Cess on Copra
19. Cess on Woollen Fabrics
20. Cess on Cotton
21. Cess on Tobacco
22. Cess on Crude Oil
23. Cess on Sugar
24. Cess on Paper
25. Cess on Vegetable Oil
26. Cess on Iron Ore
27. Cess on Chrome Ore
28. Cess on Limestone and Dolomite
29. Cess on Manganese ore
30. Cess on Coal
31. Cess on Domestic Manufacture of paper and Salt
32. Cess on Feature Film

DUTY

1. Union Excise Duties
2. Import Duty
3. Additional Duty of Customs (CVD)
4. Special CV Duty
5. National Calamity Contingency Duty
6. Stamp Duty
7. State Excise Duties
8. Taxes and Duties on Electricity
9. Additional Duties of Excise (Textiles and Textile Articles) Act.
10. Additional Duties of Motor Spirit
11. Special Additional Duty on Motor Spirits
12. Additional Duty on TV sets
13. Duty on Generator of Power
14. Additional Duties of Excise (Goods of Special Importance) Act.

আমাদের মূল দাবিসমূহ —

- **স্বল্প সঞ্চয়ে সুদ বৃদ্ধি ও বীমা - রাষ্ট্রায়ত্ব শিল্প র(া ও শক্তি(শালী করা।**
- **শপিং মলের খুড়োর কল বন্ধ করতে হবে।**
- **খুচরো ব্যবসাতে দেশি-বিদেশি বৃহৎ পুঁজির অনুপ্রবেশ খতে হবে।**
- শিল্প-বাণিজ্য সংক্র(ান্ত সরকারি নিয়ম-নীতির বাহুল্য বর্জন করে তাকে যুক্তি(গ্রাহ্য করা -- যাবতীয় নিয়ম-নীতিকে একত্রিত করে একটি মাত্র সরকারি নির্দেশনামায় প্রকাশ করা।

- শিল্প-বাণিজ্য প্রতিষ্ঠানগুলিকে রাজনৈতিক তোলাবাজি ও হয়রানি থেকে মুক্ত(করে শিল্প-বান্ধব পরিবেশ সৃষ্টি করা।
- যথার্থ শিল্প-বান্ধব পরিবেশ সৃষ্টি করে সকল আগ্রহী দেশি-বিদেশি শিল্প বিনিয়োগকারীকে সসম্মানে আমন্ত্রণ জানানো।
- বৃহৎ শিল্প থেকে অনুসারী শিল্প—শিল্পায়নের এই সাবেকি তথাকথিত বামপন্থী ধারণার পরিবর্তে বর্তমান যুগের শিল্পায়নের চরিত্র অনুযায়ী অসংখ্য (ুদ্র ও মাঝারি শিল্পের পরিবেশে বৃহৎ শিল্প গড়ো—এই ধারণাকেই প্রাধান্য দেওয়া। টপ-ডাউন এ্যাপ্রোচ-এর পরিবর্তে বটম-আপ এ্যাপ্রোচ নেওয়া।
- প্রত্যেক জেলায় অন্তত একটি করে শিল্পনগরী স্থাপন করা।
- অসংগঠিত (ে ত্রের শ্রমিক যেমন হকার, ঠেলাওয়ালা, রিক্সাওয়ালা, সবজি বিক্রে(তা, রাজমিস্ত্রী সহ বিড়ি বাঁধা থেকে বিভিন্ন হস্তশিল্পে নিযুক্ত(মানুষদের সামাজিক নিরাপত্তার ব্যবস্থা করা।
- (ুদ্র ও শ্রমনিবিড় শিল্পায়নে জোর দেওয়া।
- গ্রামীণ ও কৃষিপণ্যভিত্তিক শিল্পায়ন।
- শিল্পায়নের প্রয়োজনীয় পরিকাঠামো—জল, বিদ্যুৎ ও রাস্তার ব্যবস্থা, বর্জ্য পদার্থের পরিশোধন ও নিকাশী ব্যবস্থা।
- রাজ্যের বিভিন্ন অঞ্চল ও জেলায় স্থানীয় দ(তা ও ঐতিহ্য নিয়ে গড়ে ওঠা কুটির ও হস্তশিল্পকে পুন(জ্জীবিত করা ও এগুলির বাজার ব্যবস্থা এবং সমবায়িক বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠা করা।
- শিল্পজাত পণ্য বাণিজ্যের জেলাভিত্তিক স্থানীয় বাজার ও পরিবহণ পরিকাঠামো গড়ে তোলা।
- উত্তরবঙ্গের চা-বাগান ও দ(িণবঙ্গে জুটমিলগুলির পুনর্গঠন ও আধুনিকীকরণের মাধ্যমে পুন(জ্জীবন ঘটানো।
- পরিষেবা শিল্পের নামে ঢালাও মদের দোকান এর লাইসেন্স প্রদান সামাজিক অব(য় ডেকে আনে, এর বি(দ্ধে ব্যবস্থা নেওয়া।
- শিল্প-বাণিজ্য সংস্থার পরিচালক গোষ্ঠী ও শ্রমিক কর্মচারীর স্বার্থের অপ্রয়োজনীয় সংঘাত নয়, তাদের যৌথ স্বার্থের সমন্বয় ঘটানো।
- (গ্ন (ুদ্র ও মাঝারি শিল্পের পুন(জ্জীবন ও পরিচালনায় শ্রমিক সমবায় গড়তে সাহায্য করা।
- অনুন্নত জেলা ও অঞ্চলে শিল্প সংস্থা প্রতিষ্ঠায় বিশেষ সুবিধা দেওয়া।
- স্থানীয় কর ও শুল্ক পরিকাঠামোর পরিমার্জন ও পুনর্গঠন।
- বর্তমান 'পণ্যসামগ্রী ও পরিষেবা'র বিভিন্ন প্রকার কর এবং সেনভ্যাট ও ভ্যাট প্রথা তুলে দিয়ে দেশব্যাপী সরলীকৃত কর ব্যবস্থার ল(্যে ''ইউনিফর্ম কর'' ব্যবস্থা প্রবর্তনের দাবি জানায় দল।
- তথ্যপ্রযুক্তি(শিল্প ও পরিষেবার স্থানীয় ভিত্তি গড়ে তোলা ও চাকরির নিরাপত্তা দেওয়া।
- পর্যটন শিল্পকে বিশেষ গু(ত্ব দিয়ে প্রসারিত করা।

- ✿ বন্ধ কলকারখানার জমিকে নির্দিষ্ট করা, নতুন শিল্প সংস্থা প্রতিষ্ঠা করার জন্য।
- ✿ স্বর্ণশিল্প, জরির কাজসহ বিভিন্ন কাজে নিযুক্ত(ব্যক্তি(দের সামাজিক নিরাপত্তা দেওয়ার ব্যবস্থা করা।
- ✿ রাজ্যের অধিকাংশ রাষ্ট্রয়ত্ত শিল্পের (গ্নতার মূল কারণ পরিকল্পনাহীন অযোগ্য পরিচালনা ও পার্টি ও সিটু নেতাদের বিলাসবহুল ভরণপোষণের দায়ভার। এগুলি বন্ধ হলেই অধিকাংশ রাষ্ট্রায়ত্ত শিল্প লাভজনক হয়ে উঠতে পারে। রিষ্ট্রাকচারিং-এর নামে পেছনের দরজা দিয়ে রাষ্ট্রায়ত্ত সংস্থার বিত্রি(নয়, যোগ্য পরিচালনায় শিল্পগুলিকে লাভজনক করে তোলার দিকে বিশেষ নজর দেওয়া।
- ✿ আ(রিক অর্থেই চিরতরে (গ্ন বা বন্ধ কল-কারখানার অবশিষ্ট সম্পদের সঙ্গে নতুন মূলধনী ঋণের ব্যবস্থা করে নতুন শিল্প প্রতিষ্ঠা করাকে গু(ত্ব দেওয়া।
- ✿ (ুদ্র ও মাঝারি পণ্য ব্যবসায়ীদের ওপর করের বোঝা কমিয়ে ও মূল্যযুক্ত(কর (VAT) প্রত্যাহার করে পণ্য ব্যবসার বিকাশ ও প্রসার করা।
- ✿ বর্তমানে কর ব্যবস্থার মধ্যে অসঙ্গতি থাকায় তা দূর করে একটি ইউনিফর্ম ট্যাক্সের প্রবর্তন করা আশু প্রয়োজন। ইউনিফর্ম ট্যাক্স প্রথা সমস্ত রকম করের (কাস্টম/শুল্ক/ভ্যাট-মূল্যযুক্ত(কর) জায়গায় প্রবর্তন করা দরকার।
- ✿ পণ্য ও পরিষেবা-এর ওপর ১২ শতাংশ হারে কর নিয়ে VAT-সহ কাস্টম/শুল্ক/ভ্যাট নেওয়া বাতিল করতে হবে। এই ইউনিফর্ম ১২ শতাংশ হারে কর গ্রহণ সমগ্র দেশে চালু করতে হবে যাতে সারা দেশে ইউনিফর্ম 'পণ্য ও পরিষেবা'-র একই রকম করদাতাদের কর দিতে হয়। এই করের সংগৃহীত অর্থ ৫ শতাংশ রাজ্য, ৫ শতাংশ কেন্দ্র ও ২ শতাংশ রাজ্যের লোকালবডির কাছে যাবে। জনকল্যাণমুখী কাজে তা ব্যবহার হবে। সে(ত্রে রাজ্যের হাতে মোট সংগৃহীত ১২ শতাংশ করের ৭ শতাংশ যাবে। কেন্দ্রের কাছে থাকবে ৫ শতাংশ সংগৃহীত অর্থ।
- ✿ Public sector-কে সুর(িত ও শক্তি(শালী করতে হবে।
- ✿ শিল্প ও কৃষির মধ্যে সেতু স্থাপন করতে হবে।

কৃষি

সিপিআই(এম) শাসিত পশ্চিমবঙ্গ রাজ্যের অর্থনীতি নিদা(ণভাবে অব(দ্ধ হয়েছে। কৃষি উন্নয়ন, ভূমি সংস্কারের সাফল্য, খাদ্য নিরাপত্তা প্রভৃতি বিষয়ে সরকার মিথ্যা ও ভিত্তিহীন গল্প প্রচার করে চলেছে। ভূমি সংস্কারের প্রাথমিক কিছু সাফল্যের পর বহু প্রয়োজনীয় কাজ অসম্পূর্ণ থেকে গেছে। ধারাবাহিক উন্নয়নের উপযুক্ত(ব্যবস্থা গ্রহণ করা হয়নি। কৃষি (ে ত্রে বিপরীত যাত্রা শু(হয়েছে। কৃষি উৎপাদন ও উৎপাদনশীলতায় পশ্চিমবঙ্গ আজও পাঞ্জাব, হরিয়ানা, কর্ণাটক, তামিলনাড়ু প্রভৃতি রাজ্য থেকে অনেকটাই পিছিয়ে। পাঞ্জাবের কৃষি উৎপাদনশীলতা আমাদের থেকে দেড়গুণেরও বেশি। সিলিং বহির্ভূত জমি যারা পেয়েছিলেন, জমি ছাড়া অন্যান্য সহায়তা দিয়ে সেই জমিকে আরও

ফলনশীল করে তোলার (ে ত্রে কোনও প্রচেষ্টাই প্রায় হয়নি। উৎপাদনশীলতা বাড়েনি। ফলে কর্মদিবস বাড়েনি। কৃষকের দারিদ্র কমেনি। তাই বাড়েনি কৃষকের ত্র(য়(মতা। শিল্পপণ্য কিনবে কে? ত্রে(তা কম হলে শিল্পের বিকাশ কম হবে। গ্রাম থাকবে অন্ধকারে। তাই হয়েছে পশ্চিমবঙ্গে। কৃষি(ে ত্রে পুঁজি বিনিয়োগের মতো পরিকাঠামো গড়ে ওঠেনি। কৃষকের মালিকানা বজায় রেখে চাষের জমির পুনর্বিন্যাস তথা সমবায় পদ্ধতিতে কৃষি বিকাশের পথ অবহেলিত থেকেছে। পুঁজি নিয়োগ সম্ভব হয়নি। ভূমিসংস্কারের মাধ্যমে যারা জমি পেয়েছিলেন, তারা অনেকেই জমি হারাতে বাধ্য হচ্ছেন। অনেকে জমিই পাননি। খাস জমি বিলি অসম্পূর্ণ আছে। ফলে ভূমিহীন কৃষকের সংখ্যা বাড়ছে। কৃষি(ে ত্রে বিজ্ঞান ও প্রযুক্তি(র যথাযথ প্রয়োগ হয়নি। বিশেষ করে জৈব প্রযুক্তি(প্রয়োগে রয়েছে চরম অপদার্থতা। কৃষি গবেষণাও অবহেলিত থেকেছে। খরা ও বন্যার সঙ্কট থেকে কৃষিকে বাঁচানোর কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। নদনদী, খালবিল সংস্কার, নিকাশি ব্যবস্থার উন্নতি ও সেচ পরিকল্পনাকে কার্যকরী করার (ে ত্রে সরকার চরমভাবে ব্যর্থ। তিস্তা প্রকল্প আজও বাস্তবায়িত হল না। অন্যদিকে সরকার শস্যবীমার প্রকৃত কোনও বন্দোবস্ত করেনি। জমির চরিত্র অনুযায়ী ও আবহাওয়াভিত্তিক সুনির্দিষ্ট ও বিশেষ ফসল নির্বাচন করে কৃষি বিকাশের বৈজ্ঞানিক পথ গ্রহণ করা হয়নি। কৃষক যাতে ফসলের লাভজনক দাম পায়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়নি। দুর্দশাগ্রস্ত গরিব কৃষক অভাবের সময় কম দামে ফসল বিত্রি(করতে বাধ্য হয়। অভাবী বিত্রি(রোধ করার কোনও বিশেষ ব্যবস্থা করেনি সরকার। এ(ে ত্রে বরাদ্দকৃত কেন্দ্রীয় সরকারের তহবিল ব্যবহারের প্র্রেও রাজ্য পিছিয়ে রয়েছে। উৎপন্ন ফসল সংর(ণ ও শিল্পে তাকে ব্যবহার করে কৃষকের জীবনকে সমৃদ্ধ করার উদ্যোগ গ্রহণ করা হয়নি। বর্গাদার তথা ভাগচাষিদের রায়তী স্বত্ব দিয়ে তাদের জন্য ঋণ ও অন্যান্য সহায়তার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়নি সরকার। বর্গাদাররা বহু(ে ত্রে বর্গার অধিকার পর্যন্ত হারিয়েছেন। (ে তমজুরদের জীবন মানের উন্নতি হয়নি। অনাহার, অর্ধাহার, দারিদ্র, পশ্চাদপদ আজও তাদের নিত্য সঙ্গী। এরাজ্যে কৃষিতে প্রয়োজনীয় কার্যকরী পুঁজির মাত্র ১০-১৩ শতাংশ ঋণ আসে ব্যাঙ্ক থেকে। বাকি প্রায় ৯০ শতাংশ পুঁজির জন্য কৃষকরা চড়া সুদে মহাজনের মুখাপে(ী।

১৯৪৭-এ দেশভাগের ফলে অধিকাংশ উর্বরা জমি ওপার বাংলায় চলে গেলেও পশ্চিমবঙ্গের কৃষক মাথার ঘাম পায়ে ফেলে পশ্চিমবঙ্গকে খাদ্যে স্বয়ম্ভর করার চেষ্টা চালিয়ে গেছেন। তাদের অক্লান্ত পরিশ্রমে ১৯৫১ সালে পশ্চিমঙ্গে মাথাপিছু নীট খাদ্যশস্য উৎপাদন ছিল দৈনিক ৩৮১ গ্রাম। তখন ভারতে মাথাপিছু নীট খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ছিল পশ্চিমবঙ্গের থেকে ১২ শতাংশ কম বা মাত্র ৩৩৪ গ্রাম। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার (মতাসীন হওয়ার মাত্র ৯ বছর বাদেই ১৯৮৬ সালে পশ্চিমবঙ্গ দৈনিক মাথাপিছু খাদ্যশস্য উৎপাদনে জাতীয় গড়ের চেয়ে ২৬ শতাংশ বা ১২৫ গ্রাম পিছিয়ে পড়ল। সেই অবনমন আজও অব্যাহত। কৃষি-উৎপাদনে গত ৩২ বছরে অভাবনীয় সাফল্য দেখিয়ে পশ্চিমবঙ্গ নাকি খাদ্যে স্বয়ম্ভরতা অর্জন করেছে, এই হচ্ছে বামফ্রন্ট সরকারের দাবি। আর তার জন্যই নাকি বুদ্ধ-জমানার (ে-াগান—''কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ''। অথচ যারা শিল্পে বিনিয়োগ ঘটান, ভারতের সেই শিল্পপতিদের কেন্দ্রীয় সংগঠন 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি' ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা-সমী(া সংস্থা 'কেপিএমজি' যুগ্মভাবে ডিসেম্বর ২০০৭-এ প্রকাশ করেছে—

'Sustainable economic development in West Bengal–A Perspective.' যাতে স্বীকার করা হয়েছে যে, West Bengal has not achieved Food Security in any food crop except rice and potato.' কারণ গম উৎপাদনে পশ্চিমবঙ্গের ঘাটতি আজও প্রয়োজনের তুলনায় ৫০ শতাংশ, ডালে ৭৫ শতাংশ ও তৈলবীজে ৬০ শতাংশ। শুধু তাই নয়, চাষের উর্বর জমি অধিগ্রহণেও বিস্ময় প্রকাশ করে সিআইআই জানিয়েছে যে, গোটা ভারতে যেখানে অনুর্বর জমি হচ্ছে ১৭ শতাংশ সেখানে পশ্চিমবঙ্গে ১ শতাংশেরও কম। অথচ ম্যাকিনসের পরামর্শত্র(মে পশ্চিমবঙ্গ সরকার অধুনা যে কৃষিনীতি ঘোষণা করেছে, তাতে গু(ত্বের অভিমুখ নির্দিষ্ট করা হয়েছে খাদ্যশস্য চাষের বদলে বাণিজ্যিক চাষ বা মূলক যে সব শস্যের বিদেশে বাজার আছে, তার প্রতি! অচিরেই মহারাষ্ট্রে গমের বদলে বাণিজ্যিক তুলো চাষ হবে। বিপুল তুলো চাষে এগিয়ে থাকা বিদর্ভে দেখা দিয়েছে আত্মহত্যা ও অনাহারে মৃত্যুর মিছিল। বামফ্রন্টের ভ্রান্ত কৃষিনীতি সেই সর্বনাশই আহ্বান করছে।

এস ই জেড-এর মতোই কৃষি রপ্তানি অঞ্চলের ওপর দেওয়া হয়েছে অত্যধিক গু(ত্ব। পশ্চিমবঙ্গ যে ধান উৎপাদনের জোরে খানিকটা স্বয়ম্ভর, ম্যাকিনসের পরামর্শে সেই ধানচাষ থেকে জমি সরিয়ে নিয়ে গিয়ে, যেসব শস্য বহুজাতিক ও বড়ো সংস্থাগুলো চাইছে যেমন সুগন্ধি ও স(চাল, আনারস, লিচু, আম, টম্যাটো, ফুল, মশলা ইত্যাদি চাষে জোর দেওয়ার চেষ্টা চলছে। যদিও মাথাপিছু খাদ্যশস্যের হিসাব দেখলে বুদ্ধ-সরকারের ভারতে বৃহত্তম চাল-উৎপাদকের গরিমা একেবারেই ম্লান হয়ে যাবে। আশির দশক থেকে মাথাপিছু উৎপাদন বেড়েছে ঠিকই, পশ্চিমবঙ্গে ১৯৮১ সালে ৩৬৪ গ্রাম দৈনিক মাথাপিছু বাৎসরিক খাদ্যশস্য উৎপাদনের গড় ছিল ১৫০ কেজি। ২০০০-০১ সালে যা হয়েছে ১৫১ কেজি! ফলে ১৯৯৯-২০০০ সাল নাগাদ মাথাপিছু দৈনিক ন্যূনতম ২৪০০ ক্যালোরি জোটেনি ৭৫ শতাংশ গ্রামীণ ভারতীয়র আর পশ্চিমবঙ্গে ৭৭ শতাংশরও বেশি গ্রামীণ বাঙালির! ধানের মতো আলু ফলনেও পশ্চিমবঙ্গ এগিয়ে। সিঙ্গুর আলুর শ্রেষ্ঠ গ্র্যানারি বলে পরিচিত। সরকার টাটার স্বার্থে সেই সেরা ফসলি জমি গা-জোয়ারি অধিগ্রহণ করে অনুৎপাদক খাতে ফেলে রেখে দিয়েছে। যে ভ্রান্ত অধিগ্রহণ নীতির বি(দ্ধে সি আই আই ও বলেছে যে, "Singur and Nandigram have demonstrated the administrative difficulty in acquairing fertile land for industry. But low yielding agricultural land found, for instance, in the arid parts of Purulia and Bankura, should probably present no such problem."

সিপিআই(এম) ও তার যে উচ্ছিষ্টভোজী সাঙ্গপাঙ্গরা সিঙ্গুর ও নন্দীগ্রামে 'মা-মাটি-মানুষের' লড়াইয়ের ঐতিহাসিক সাফল্যকে উন্নয়নবিরোধী আত্মহনন বলে বিদ্রুপ করছিলেন এবং রতন টাটা ও নরেন্দ্র মোদীকে বাংলার মার্গদর্শক বলে অভিষিক্ত(করছিলেন, ভারতীয় শিল্পোদ্যোগীদের বৃহত্তম প্রতিনিধিত্বমূলক সংস্থা সিআইআইর এই বি(ে-ষণ ও স্বীকারোক্তি(তে বোধহয় তাদের সম্বিত ফিরবে।

পশ্চিমবঙ্গে এখন কর্পোরেট চাষ ও কনট্রাক্ট ফার্মিংয়ের কথা বলছেন বামফ্রন্ট সরকার। এটি চাষির আর্থিক ঋণভার বাড়াবে ও তার জীবন-ধারণের মানে হ্রাস ঘটাবে। ৫৯তম জাতীয় নমুনা সমী(াতেও ভারতে নিজস্ব জমিতে চাষ করা চাষিদের Situation Assessment Survey 2003 Reort অনুসারে চাষিদের মধ্যে ঋণগ্রস্ত পরিবারের জাতীয় গড় যেখানে ৪৮.৬ শতাংশ, পশ্চিমবঙ্গে সেটি কিন্তু ৫০.১ শতাংশ এবং All

India Credit & Investment Survey 2002-03 অনুসারে পশ্চিমবঙ্গে কৃষক পরিবার পিছু গড় ঋণদায় (Debt Liability) ১৫,৪৬৬ টাকা!! আধুনিক বা সনাতনী অর্থনীতি কিম্বা মার্কসবাদী বা গান্ধীবাদী কোনও দর্শকেই অস্বীকার করেনি যে সব মানুষেরই দুবেলা পেট ভরে খাওয়ার প্রয়োজন। অন্য কিছু না জুটলেও অন্তত চাই ভরপেট ভাত-ডাল-(টি-তরকারি। এখনও পর্যন্ত চাষবাস ছাড়া অন্য কিছুর মাধ্যমে এর উৎপাদন হয়েছে, এমন কথা শোনা যায়নি। অবশ্য পর্যাপ্ত উৎপাদন হলেও, তা কেনার জন্যও সঙ্গতি থাকা চাই। কিন্তু সঙ্গতিহীনতার সঙ্গে যদি প্রয়োজনের তুলনায় অপর্যাপ্ত উৎপাদন হয়, তাহলে দুর্ভি(অবশ্যম্ভাবী। আমলাশোল ঘটনা ভুলে গিয়ে পশ্চিমবঙ্গে দু-চার ফসলি কৃষিজমি অধিগ্রহণ করে আপাত অলাভজনক কৃষি থেকে শিল্পের পথে উন্নয়নের যাত্রার গল্প শু(করেছে বামফ্রন্ট। এটি আদতে পরিকল্পনহীন-স্বপ্নহীন এক দুঃস্বপ্ন রচনার সংগঠিত অপচত্র(ান্ত ছাড়া আর কিছুই নয়। যেনতেন প্রকারেণ চাষ লাভজনক নয় প্রচার করে, শিল্পায়ন-উন্নয়নের মুখোশ পরে, সারা ভারতের মধ্যে পশ্চিমবঙ্গে মাত্র ৩.৫ শতাংশ কৃষিজমি থাকলেও সেই অল্প জমি থেকেও খাদ্যশস্য উৎপাদনের জমি অধিগ্রহণ করে, চাষিকে নামমাত্র নগদবিদায় দিয়ে, চাষবাস শিকেয় তুলে বাংলায় আবার দুর্ভি(-মন্বন্তর ডেকে আনাই মনে হয় সিপিআই(এম)-এর ল(্য।

রাজ্যের মোট ৮.২ কোটি জনসংখ্যার ৭২ শতাংশ বা প্রায় ৬ কোটি মানুষ গ্রামে বাস করেন ও কৃষি সংত্র(ান্ত বিভিন্ন কাজ থেকে জীবিকা-নির্বাহ করেন। স্বভাবতই, রাজ্যের সামগ্রিক উন্নয়নে কৃষিকাজ ও গ্রামোন্নয়নের বিশেষ ভূমিকাকে অস্বীকার করা যায় না। শুধুমাত্র শিল্পায়ন-নির্ভর উন্নয়ন কখনওই রাজ্যের সর্বাঙ্গীণ উন্নয়ন আনতে পারবে না। কৃষিজমি, যা মাটির মানুষদের কাছে মা, সেই জমি থেকে কৃষকদের উচ্ছেদ করে বিদেশি ব্যবসায়ী গোষ্ঠী সালেমদের দিয়ে দেওয়া হচ্ছে ব্যবসা করতে।

পশ্চিমবঙ্গের কৃষি(ত্রে এক বিশেষ উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বামফ্রন্টের অপশাসনে পশ্চিমবঙ্গে কোনও সার্বিক কৃষিনীতি ছিল না। ছিল না কৃষি উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টার মধ্যে কোনও দূরদর্শিতার পরিচয়। ফলে ১৯৮০ দশকের অপরিণামদর্শী কৃষি উৎপাদন বৃদ্ধির ফল ভোগ করতে হচ্ছে এমন। কৃষি(ত্রে এসেছে মন্দা। প্রথমত, রাজ্যের খাদ্য সুর(া আজ বিপন্ন। খাদ্যে স্বয়ম্ভরতার সরকারি প্রচার সর্বৈব মিথ্যে। বর্তমানে রাজ্যে খাদ্যশস্যের প্রয়োজন মোটামুটি ১.৬০ লাখ টন, যা ২০১০ সালে বেড়ে হবে ১.৮০ লাখ টন। আর উৎপাদন হয় মোটামুটি ১.৫০ লাখ টন। রাজ্যের কৃষিজমি কমছে। এখনই হিসেব পাওয়া গেছে যে প্রায় ৫ লাখ একরেরও বেশি কৃষিজমি পরিবর্তিত হয়েছে অকৃষিজমিতে। খাদ্য সুর(া তাহলে নিশ্চিত হবে কীভাবে? স্বভাবতই প্র(জাগে এমনটা কেন হচ্ছে, বামফ্রন্টের কোন কৃষিনীতির ফলে এই পরিণতি।

বামফ্রন্টের অপশাসনে এক গভীর সংকট সৃষ্টি হয়েছে। বিপজ্জনক সংখ্যায় পুরোপুরি ভূমিহীন (তমজুরের বৃদ্ধি ঘটেছে। বামফ্রন্টের আমলে ৪০ লাখ মানুষ ভূমিহীন (তমজুরে পরিণত হয়ে এখন মোট সংখ্যা দাঁড়িয়েছে ৭৪ লাখ, যা কৃষিকাজে নিয়োজিতদের ৫৭ শতাংশ। আশঙ্কাজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে কারণ এই পুরোপুরি ভূমিহীন (তমজুরদের প্রায় সকলেই চূড়ান্ত দারিদ্রে নিমজ্জিত—এরা আইনত প্রাপ্য ন্যূনতম মজুরিটুকুও পায় না। গরিব দরদী (?) বামফ্রন্ট ৩২ বছরে এই কাজটুকুও করতে পারেনি।

কৃষি(ে ত্রে উৎপাদন ব্যয় ত্র(মাগত বেড়েছে, কিন্তু কৃষিপণ্যের ন্যায্য মূল্যটুকুও তাদের হাতে পৌঁছোয় না। বামফ্রন্ট সরকার বিদ্যুৎ, সেচের খরচ, সার ও কীটনাশকের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ঘটিয়েছে। অথচ কৃষিপণ্যের সংর(ণ ও বিপণনের কোনও সুবন্দোবস্তের চেষ্টা করেনি। ফলে কৃষক অধিকাংশ সময়ই আজও বাধ্য হয় স্থানীয় ফড়ে ব্যবসায়ীদের কাছে কম দামে ফসল বিত্রি(করে দিতে। তাই ভোক্ত(ারা যে চূড়ান্ত দামে কৃষিপণ্য কেনে তা তার ১০ থেকে ২০ শতাংশের বেশি গ্রামের কৃষকের কাছে পৌঁছোয় না।

একথা আজ স্পষ্ট যে বামফ্রন্ট সরকার এটাই চায় যে কৃষি (ে ত্রে এই সংকটটাই আরও ঘনীভূত হোক, কৃষকরা বাধ্য হোক জমি ছেড়ে দিতে। কারণ উন্নয়নের নামে হাজার হাজার একর জমি থেকে কৃষক উচ্ছেদ করে বড় বড় বিদেশি প্রমোটারদের দিয়ে উপনগরী বানানো ছাড়া এই সরকার আর কিছু বোঝে না। রাজ্য ও দেশের সার্বভৌমত্বকে বিপন্ন করে এইভাবে বিদেশি জমি গেলার হাঙ্গরদের উপনিবেশ স্থাপন করতে জমি দেওয়া চলেছে নির্বিচারে -- রাজারহাট থেকে ভাঙ্গর, সলপ, উলুবেড়িয়া, বর্ধমান, শিলিগুড়ি, ডানকুনি, রায়চক, নন্দীগ্রাম থেকে শু(করে সর্বত্র। তাই কৃষিতে উৎপাদন ব্যয়ের অস্বাভাবিক বৃদ্ধি নিয়ে সরকারের কোনও মাথাব্যথা নেই। উল্টে সরকারই এই ব্যয় বৃদ্ধি ঘটাচ্ছে। সাম্প্রতিক কালে বামফ্রন্ট সরকার সেচের কাজে ব্যবহৃত পাম্পের বিদ্যুৎ - মাশুল একলাফে বাড়িয়েছে ৫৪৬০ টাকা থেকে ১০৯৩০ টাকা। ইউনিট প্রতি বিদ্যুতের দামও এই রাজ্যে অত্যধিক। কৃষকদের বহুদিনের দাবি ইউনিট প্রতি বিদ্যুতের দাম ৫০ পয়সা করে হোক। কৃষকদরদী (?) বামফ্রন্ট সরকার এই দাবির প্রতি কর্ণপাত করেনি।

ফসলের ন্যায্য ও লাভজনক মূল্য পাওয়ার বিষয়েও রাজ্যের কৃষকরা চূড়ান্ত অবহেলিত। বামফ্রন্ট সরকার ৩২ বছরেও এই ব্যাপারে কোনও ব্যবস্থা নেয়নি। ধান কেনার সরকারি সহায়ক মূল্য কখনওই ঠিক সময়ে, ফসল ওঠার আগে, ঘোষণা হয় না। ঘোষণা করার পরেও দেখা যায়, সরাসরি কৃষকদের কাছ থেকে কেনার কোনও ব্যবস্থা সরকার গড়ে তোলেনি। চাল সংগ্রহের (ে ত্রেও একই চেহারা। আলু, সবজি, ফল, ফুল, পান ইতাদির (ে ত্রে সংর(ণ ও বিপণন ব্যবস্থার অভাবে কৃষকদের সমস্যা আরও তীব্র। রাজ্যে মোট আলু উৎপাদন যা হয় তার থেকে হিমঘরের সংর(ণ (মতা অনেক কম। ফলে কৃষকরা বাধ্য হন উৎপন্ন কৃষিপণ্যকে জলের দরে বিত্রি(করে দিতে। সুলভ মূল্যে সার পাওয়া যায় না, সারে চলছে কালোবাজারি।

কৃষিপণ্যকে সরাসরি বাজারে বিত্রি(করাও এক বিশেষ সমস্যা। বিশেষত প্রত্যন্ত গ্রামের (ুদ্র ও মাঝারি কৃষকদের কাছে। রাজ্যে আছে মাত্র ৪৮টি নিয়ন্ত্রিত বাজার আর সাড়ে তিন হাজার খুচরো বাজার। এই বাজারগুলিতে আছে ফড়ে ব্যবসায়ী আর সিপিএমের ক্যাডার বাহিনীর তোলাবাজি। এদিকে রাজ্যের ৭১ শতাংশ গ্রামের সঙ্গে কোনও পাকা সড়কের যোগ নেই। ৫০ শতাংশ গ্রাম নিকটবর্তী শহর বাজার থেকে ২০ কিমি বা আরও বেশি দূরে অবস্থিত। বামফ্রন্ট সরকার ৩২ বছরে কৃষি বিপণন ব্যবস্থার দিকে নজর দেয়নি। এমনকি গ্রামীণ সড়ক যোজনার টাকাও ফেরত দিয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে।

সেচ ব্যবস্থা

(১) বামফ্রন্টের অপশাসনের আর এক নিদর্শন মেলে সরকারি সেচ ব্যবস্থায়। রাজ্যে আপাতত কাছে মাত্র দু'টি বড় সেচ প্রকল্প, তিস্তা আর সুবর্ণরেখা, যা শু(হয়েছিল বহু কাল আগে, কিন্তু সম্পূর্ণ হয়নি আজও। তিস্তা প্রকল্প অনুমোদন পেয়েছিল পঞ্চম পরিকল্পনায় (১৯৭৫-৮০), আর সুবর্ণরেখা অনুমোদিত হয়েছিল অষ্টম পরিকল্পনায় (১৯৯২-৯৭)। এছাড়া মাঝারি সেচ প্রকল্প কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছিল ৫টি পঞ্চম পরিকল্পনায় ও ৩টি সপ্তম পরিকল্পনায়। বামফ্রন্ট সরকার নতুন কোনও প্রকল্প তো নিতে পারেই নি, এগুলিকেও সম্পূর্ণ করতে পারেনি। রাজ্যের কৃষি আজও সেচের পর্যাপ্ত জলের অভাবে বৃষ্টির ওপর নির্ভরশীল। এদিকে বামফ্রন্ট সরকার তথ্যের বিকৃতি ঘটিয়ে প্রচার করছে যে রাজ্যের ৬৫ শতাংশ কৃষিজমি সেচের জল পায়। এই হিসাব করা হচ্ছে সেচের আওতায় দু-ফসলি, তিন-ফসলি জমিকে ধরে মোট জমির হিসাবে ব্যক্তি(গত উদ্যোগের শ্যালো টিউবওয়েলগুলির সেচকে ধরে, যে ব্যাপারে সরকারের কোনও ভূমিকা নেই। বাস্তবে রাজ্যের মূল কৃষিজমির মাত্র ২৬.১ শতাংশ সরকারি সেচের জল পায়। সারা ভারতে এর গড় হল ৪০.২ শতাংশ। পাঞ্জাব, হরিয়ানার মতো রাজ্যে অঙ্কটি ৯০ শতাংশের বেশি।

(২) সরকারি সেচ যে অপ্রতুল শুধু তাই নয়, গত দশ বছরে সরকারি সেচের আওতায় কৃষিজমির পরিমাণ কমেছে। বামফ্রন্টের অপশাসনে ও ভ্রান্ত নীতির ফলে পশ্চিমবঙ্গের কৃষিতে অন্য আর এক বিপদ দেখা দিয়েছে। সারা ভারতের সঙ্গে তুলনা করলে দেখা যায় সরকারি সেচের অভাবে রাজ্যের কৃষি নির্ভর করে মূলত ব্যক্তি(গত অগভীর নলকূপের ভূগর্ভস্থ জলের ওপর। ভূগর্ভস্থ জলের যথেচ্ছ শোষণে জলস্তর নেমে গেছে, উর্বরতা কমেছে ত্র(মাগত। একে সামলাতে ঘটেছে রাসায়নিক সারের যথেচ্ছ প্রয়োগ। গত বিশ বছরে রাসায়নিক সারের প্রয়োগ হেক্টর প্রতি ৩৫ কেজি থেকে বেড়ে ১৩৫ কেজি হয়েছে, যা সারা ভারতের গড়ের থেকে অন্তত ৩০ শতাংশ বেশি। ফলে কৃষির খরচও বেড়েছে, পরিবেশ দূষণও ঘটেছে। রাজ্যের সেচে অগভীর নলকূপের বিপজ্জনক বৃদ্ধি ও ফলে ভূগর্ভস্থ জলের যথেচ্ছ শোষণে আর এক সমস্যা হিসাবে দেখা দিয়েছে আর্সেনিক দূষণ। রাজ্যের ৯টি জেলায় কমপ(ে ৮ কোটি মানুষ আজ আর্সেনিক দূষণের কবলে। সরকারি হিসাবেই ৭টি জেলায় ১ কোটি ৩০ হাজার মানুষ এই দূষণে এখনই আত্র(ান্ত। বামফ্রন্ট সরকার এই বিষয়টিকে এড়িয়ে যাওয়ার চেষ্টা করাতে মহামান্য কলকাতা হাইকোর্টকে পর্যন্ত রাজ্য সরকারের প্রতি আদেশ দিতে হয়েছে।

(৩) বামফ্রন্টের অপশাসনে বিপর্যস্ত কৃষি ব্যবস্থার সামনে আজ অগণিত সমস্যা আর সংকট। বন্যা নিয়ন্ত্রণে ব্যর্থ, বন্যা ত্রাণের কোনও ব্যবস্থা হয়নি, অথচ রাজ্যের ৪২ শতাংশ এলাকাই বন্যাপ্রবণ। ফসল ও ঘরবাড়ির (তি হলে কৃষককে (তিপূরণ দেওয়ার কেন্দ্রীয় প্রকল্প আছে। কিন্তু সে সব টাকা লুঠপাট হয়ে যায় স্থানীয় নেতাদের চত্র(ান্তে। 'ইন্দিরা আবাস যোজনা'-র নির্দিষ্ট টাকাও জোটে না বিপদগ্রস্ত কৃষকের। সরকারি বীজ কেনার টাকা নয়ছয় হয়েছে বার বার। নিকৃষ্ট মানের সরকারি বীজ ব্যবহার করে কৃষক সর্বস্বান্ত হয়েছে — পুড়িয়ে দিয়েছে (ে তের ফসল।

(৪) সংকটাপন্ন পশ্চিমবঙ্গের কৃষিকে সুস্থির করা একান্ত প্রয়োজনীয় হয়ে উঠেছে। কৃষি নীতির নামে সরকারের খামখেয়ালি চিন্তাভাবনাকে কৃষকের ওপর চাপিয়ে দেওয়া নয়, সরকারের মূল কাজ চারটি --- ভূপৃষ্ঠের জল নির্ভর সরকারি সেচ ব্যবস্থার প্রসার, কৃষি উপাদানের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধ, কৃষি পণ্যের সংর(ণ ও সরাসরি বাজারে বিক্রি(করার সুবন্দোবস্ত, এবং উপযুক্ত(প্রযুক্তি(, সার, বীজ, কীটনাশক ও কৃষি ঋণের সরকারি ব্যবস্থা। উক্ত(চারটি মূল বিষয়কে গু(ত্ব দিয়ে তৃণমূল কংগ্রেসের সার্বিক কৃষিনীতির ল(্য থাকবে—

- ✿ সেচ যোগ্য জমিকে দ্রুত সেচের আওতায় এনে উৎপাদন (মতা বৃদ্ধির ল(্যে কাজ করবে তৃণমূল কংগ্রেস।
- ✿ রাজ্যবাসীকে আর্সেনিক মুক্ত(পানীয় জল পৌঁছে দেওয়ার বিষয়টিকে অগ্রাধিকার ভিত্তিতে রূপায়ণ করবে তৃণমূল কংগ্রেস।
- ✿ পরিশ্রুত পানীয় জলের উৎস স্থাপন ও র(ণাবে(ণের সাথে পানীয় জলের উৎস সৃষ্টিতে নতুন উদ্যোগে উদ্ভাবন পদ্ধতির ওপর জোর দেবে তৃণমূল কংগ্রেস। এ ব্যাপারে সৃষ্টি হবে কর্মসংস্থানের। যার সাথে যুক্ত(হবে সং(ি-ষ্ট অঞ্চলের বেকার যুবক-যুবতীরা।
- ✿ দেশের খাদ্য নিরাপত্তাকে নিশ্চিত করার ল(্যে জাতীয় কৃষি নীতি প্রণয়ন করতে হবে। জাতীয় কর্মশক্তি(র বৃহত্তম অংশ আজও যখন 'কৃষিকর্মে' নিযুক্ত(, তখন এই শ্রমশক্তি(র সঙ্গে সাদৃশ্য রেখেই দেশের সামগ্রিক অভ্যন্তরীণ উৎপাদনে (জিডিপি) কৃষির অংশ ও অবদান বৃদ্ধিকে অগ্রাধিকার দিতে হবে, যাতে কৃষিজীবি মানুষ আর্থিক স্বয়ম্ভরতা ও সমৃদ্ধি অর্জন করতে পারেন। দেশের সামগ্রিক কৃষিজমিকে আরও উৎপাদনশীল করার উদ্দেশ্যে সম্পূর্ণ সেচসেবিত করতে হবে। বীজ, সার, কৃষিঋণকে সহজলভ্য করতে হবে। শস্যবীমার আওতায় আনতে হবে সমস্ত ফসলকেই। বৃদ্ধি করতে হবে ফসলের সহায়ক মূল্য। বাজার বা মান্ডি থেকে ফড়েদের ফাটকাবাজি নির্মূল করে উৎপাদক যাতে তার পণ্যের ন্যায্য দাম পায়, তা সুনিশ্চিত করতে হবে। ভূমিসংস্কারকে আমূল ও উৎপাদনমুখী করতে হবে। বর্গাদার ও ভূমিহীন খেতমজুরের জীবিকা ও আর্থিক নিরাপত্তাকে সুনিশ্চিত করতে হবে।
- ✿ ব্রিটিশের ফেলে যাওয়া ঔপনিবেশিক কালা কানুন - ভূমি অধিগ্রহণ আইন ১৮৯৪ বাতিল করতে হবে। শিল্পায়নের নামাবলী গায়ে দিয়ে বেসরকারি বৃহৎ পুঁজির স্বার্থে উর্বরা কৃষিজমি অধিগ্রহণ করা চলবে না। অনাবাদী সহ অব্যবহৃত জোত ও জমির তথ্য সংগ্রহ করে তার ভিত্তিতে 'ল্যান্ড ব্যাঙ্ক' তৈরি করতে হবে। অকৃষি খাতে জমির সদ্ব্যবহারের জন্য, মানবিক কল্যাণকে অগ্রাধিকার দিয়ে জাতীয় পুনর্বাসন নীতি প্রস্তুত করতে হবে।
- ✿ বর্তমান জমি অধিগ্রহণ নীতি বাতিল করে তা সংশোধন করতে হবে।
- ✿ সেজ (SEZ) আইন বাতিল করতে হবে।
- ✿ কৃষিপণ্যের সহায়ক মূল্য ও কৃষি উপাদানের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধে সরকারি ভর্তুকির ব্যবস্থা করতে হবে।

- ✿ কৃষিপণ্যের সংর(ণে উপযোগী হিমঘর ও স্থানীয় বাজার গড়ে তুলে কৃষিপণ্য বিপণনের ব্যবস্থাকে সুনিশ্চিত করতে হবে।
- ✿ সময়মতো সরকারি সহায়ক মূল্য ঘোষণা ও সরাসরি কৃষকদের কাছ থেকে উৎপাদন সংগ্রহের সরকারি ব্যবস্থা করতে হবে।
- ✿ ে(তমজুরের ন্যূনতম মজুরি ও ২৭০ দিনের কাজ সুনিশ্চিত করা হবে।
- ✿ ভূমিসংস্কার ও সরকারের হাতে ধরে রাখা খাস জমির বন্টন করা হবে।
- ✿ অগভীর নলকূপ নির্ভর ভূগর্ভস্থ জলের সেচের পরিবর্তে ভূপৃষ্ঠ জলের সেচ ব্যবস্থা গড়ে তোলা হবে।
- ✿ অসম্পূর্ণ বৃহৎ ও মাঝারি সেচ প্রকল্পগুলির দ্রুত রূপায়ণ ও নতুন সরকারি সেচ প্রকল্প নেওয়া হবে।
- ✿ ভূমি ব্যবহারের সার্বিক নীতি, কৃষিজমির উর্বরতা র(া ও উর্বর কৃষিজমিকে কৃষি কাজে সংর(িত রাখা হবে।
- ✿ গ্রামীণ সড়ক যোজনার যথাযথ রূপায়ণে প্রত্যেক গ্রামে সড়ক যোগাযোগের ব্যবস্থা করা হবে।
- ✿ কৃষিপণ্যের বীমা ও কৃষি ঋণের ব্যবস্থা এবং সাধারণ কৃষিবীমার ব্যবস্থা করা হবে।
- ✿ বন্যা নিয়ন্ত্রণে মাস্টার প্ল্যান, বন্দর পরিকল্পনার বন্দোবস্ত করা হবে।
- ✿ বন্যা নিয়ন্ত্রণ, বন্যা ত্রাণ ও ফলন-বিপর্যয়ে উপযুক্ত((তিপূরণের ব্যবস্থা করা হবে।
- ✿ ফসল বৈচিত্র্য ও স্থানীয় বীজের ব্যবহার বাড়ানো হবে।
- ✿ রাসায়নিক সারের পরিবর্তে জৈব সারের ব্যবহার বাড়ানো হবে।
- ✿ তথ্য প্রযুক্তি(র সুবিধা সহ বহুমুখী কৃষি সেবা কেন্দ্র গড়ে তোলা হবে।
- ✿ কৃষি প্রযুক্তি(ও কৃষি পণ্য প্রক্রি(য়াকরণের শি(ণ কেন্দ্র গড়ে তোলা হবে।
- ✿ বিকল্প সমবায়িক ব্যবস্থায় কৃৎকৌশল, উৎপাদন, পণ্যবাণিজ্য, মূলধন সরবরাহ ও সেচ সংগঠনকে সুসংহত করা হবে।
- ✿ প্রাণী সম্পদের বিকাশকে গু(ত্ব দেওয়া হবে।
- ✿ মাছের চাষ, তাঁত শিল্প, পোড়ামাটি, মাদুর, চি(নি শিল্প ও অন্যান্য কুটির শিল্প ও হস্তশিল্পের বিকাশে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। মৎসজীবী, তন্তুবায় থেকে শু(করে অন্যান্য সকল (ুদ্র জীবিকার (ে ত্রে সামাজিক ও আর্থিক নিরাপত্তার ব্যবস্থা করা হবে।
- ✿ জমির খাজনা, রেজিস্ট্রেশন ফী ও বিভিন্ন পঞ্চায়েত ট্যাক্সের অযৌক্তি(ক ও অনৈতিক বোঝা এবং এই সংক্র(ান্ত হয়রানি দূর করা হবে।
- ✿ সব গ্রামে বিদ্যুৎ পৌঁছনো হবে।

ভূমিসংস্কার

প্রায় ৬ কোটির কাছাকাছি পশ্চিমবঙ্গবাসী বাস করেন গাঁয়ে। দীর্ঘ ৩২ বছর ধরেই সিপিআই(এম) ঢাকঢোল পিটিয়ে প্রচার করে আসছে যে, ভূমিসংস্কার ও গ্রামোন্নয়নে পশ্চিমবঙ্গ গোটা দেশে রোলমডেল! এর চেয়ে বড় মিথ্যা বোধহয়, আর হতে পারে না।

দা(ণ সফল ওই ভূমিসংস্কারের ঠেলায় পশ্চিমবঙ্গে ১৯৭১ সালে ৩২ ল(৭২ হাজার ভূমিহীন খেতমজুর ২০০১ সালে লাফিয়ে বেড়ে হল ৭৩ ল(৬২ হাজার ৯৫৭! গ্রামীণ মানুষের ভূমিহীনতা বৃদ্ধির এই জঘন্য নজির ভারতের আর কোনও রাজ্যে নেই। গ্রামোন্নয়ন ও ভূমিসংস্কারের অতুলনীয় সাফল্য দাবি করার পরেও বামফ্রন্ট শাসিত পশ্চিমবঙ্গে মাত্র ৪৫.৭ শতাংশ গ্রামীণ পরিবারে নিজস্ব জমি আছে, যেখানে ভারতে জাতীয় গড় ৫৮.৭ শতাংশ। আজও পশ্চিমবঙ্গবাসীর ৭২ শতাংশই চাষবাসের ওপর নির্ভরশীল, অথচ এদের ৮০ শতাংশরই জমির পরিমাণ ০.৬৪ হেক্টরের নিচে। পশ্চিমবঙ্গ বাসীর ৫৪ শতাংশরই মাসিক রোজগার ১,৫০০ টাকারও কম। কেবলমাত্র মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, বিহার, ছত্তিশগড়, ওড়িশা ও ঝাড়খণ্ডের সঙ্গেই এর তুলনা চলে। ১৮ মিলিয়নের বেশি গ্রামীণ বাঙালি আজ দারিদ্রসীমার নিচে, কেবল বিহার-উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশের সঙ্গে তুলনীয়। গত তিন দশকের ভূমি সংস্কারের সাফল্য বর্ণনা করতে গিয়ে সরকার উদ্বৃত্ত জমি পুনর্বন্টনের উদাহরণ দেন কিন্তু স্বীকার করতে ভুলে যান যে, ১৯৭৭ সালের পরবর্তী ২৬ বছরে বন্টিত জমির পরিমাণ, ১,৮৬,০২৯ হেক্টর, অথচ ১৯৭৭ সালের আগেই বন্টিত হয়েছে ২,৫৩,৫৫৬ হেক্টর। এখানেই শেষ নয়, বামফ্রন্ট যে পাট্টা জমি বিলি ও বর্গা নথিভুক্তি(র ে(ত্রে এতদিন অসামান্য সাফল্যের কথা প্রচার করে আসছে, সেটিই মুখ থুবড়ে পড়েছে 'উন্নততর বামফ্রন্ট' জমানাতেই। পশ্চিমবঙ্গ সরকারের মানবোন্নয়ন প্রতিবেদন ২০০৪ অনুযায়ী পাট্টাদারদের ১৩.২৩ শতাংশ জমির অধিকার হারিয়েছেন ও বর্গাদারদের ১৪.৩৭ শতাংশ উচ্ছেদ হয়েছেন ইতিমধ্যেই। ১৯৮৭-৮৮ সালেও ভূমিহীন গ্রামীণ পরিবারের অনুপাত ছিল এখানে ৩৯.৬ শতাংশ, ভূমিসংস্কারের ঠেলায় তা ১৯৯৯-২০০০-এ দাঁড়িয়েছে ৪৯.৮ শতাংশ! ভারত সরকারের জাতীয় পরিবার স্বাস্থ্য সমী(া-৩-এ বেরিয়েছে যে, ভারতের গ্রামীণ পরিবারগুলির মধ্যে নিজের জমি আছে যেখানে ৫৮.৭ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে এই অনুপাত মাত্র ৪৫.৭ শতাংশ। ৩২ বছরের বামশাসনের গুঁতোয় ২০০৯-এ গ্রামবাংলায় ৬০ শতাংশ পরিবারই আজ ভূমিহীন হয়ে পড়েছে, বললে বোধহয় অত্যুক্তি(হবে না।

সেজ

স্পেশাল ইকনমিক জোন বা 'সেজ' আইন গ্রহণ করা হয়েছে। যা দেশের আইন ও শ্রমনীতি বিরোধী এবং মৌলিক ভাবে জনস্বার্থ বিরোধী। কৃষির কর্পোরেটকরণের মাধ্যমে শু(হয়েছে কৃষির অনুপ্রবেশের পথ প্রশস্ত করে কোটি খুচরো ব্যবসায়ীকে পথে বসাবার নীতি। এরই সাথে যুক্ত(হয়েছে 'উন্নয়ন', 'নগরায়ন' ও 'শিল্পায়ন'-এর নামে বলপূর্বক উর্বর কৃষিজমি দখল করার সর্বনাশা কর্মকাণ্ড।

এসবের ফলে কার্যত, দারিদ্র-অনাহার ত্র(মশ বাড়ছে। বিপুল সংখ্যক মানুষের টিকে থাকাই আজ অসম্ভব হয়ে উঠেছে। মুষ্টিমেয় ধনকুবেরের ধনভাণ্ডার ত্র(মশ স্ফীত হচ্ছে।

গ্রামোন্নয়ন ও নগরোন্নয়ন

১৯৫১ সালে পশ্চিমবঙ্গে নগরবাসীর অনুপাত ছিল ২৩.৮৯ শতাংশ, ৫০ বছর বাদে ২০০১ সালে সামান্য বৃদ্ধি পেয়ে সেটি দাঁড়িয়ে রয়েছে ২৭.৯৭ শতাংশে। বিগত দশকে (১৯৯১-২০০১) শহরবাসীর অনুপাত তামিলনাড়ুতে বৃদ্ধি ১০ শতাংশ গুজরাট-

মহারাষ্ট্র-কর্ণাটক-পাঞ্জাব-হরিয়ানায় ওই বৃদ্ধি অন্তত ৩ থেকে ৪ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে বৃদ্ধি মাত্র আধ শতাংশ। আরও পরিতাপের বিষয় যে ওই সময়ে নদীয়া-বীরভূম-বাঁকুড়া-পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দ(িণ দিনাজপুর জেলার শহরবাসীর অনুপাত হ্রাস পেয়েছে। অথচ বুদ্ধ-সরকারের প্রচার যে পশ্চিমবঙ্গে নগরায়ন ও শিল্পায়নে জোয়ার এসেছে ও আসছে।

৩২ বছর ধরে নগরোন্নয়নের গুঁতোয় আজও কলকাতাতেই আছেন গৃহহীন পথবাসী হিসাবে প্রায় ৬৮ হাজার নাগরিক। অন্তত ৫৮টি শহরের ২৫ শতাংশ আদিবাসীই বস্তিবাসী। শিল্পায়নের মডেল হলদিয়াতে আজও ৫২ শতাংশ পরিবারের বাড়িতে বিদ্যুৎ সংযোগ নেই। দুর্গাপুরের হালও তথৈবচ, সেখানে এই হার ৩৩ শতাংশ। রাজ্যে ২০টি শহরে অধিকাংশ নাগরিকই পাইপের মাধ্যমে পানীয় জল পান না! শিলিগুড়ির ৬৭ শতাংশ, খড়্গপুরের ৫১ শতাংশ নাগরিক কুয়োর জল খান! খাস কলকাতায় ৭-১৪ বছর বয়সী শিশুদের উল্লেখযোগ্য অংশ স্কুলে পাঠরত নয়। ১ ল(৪২ হাজার নাগরিকের শহর বাঁশবেড়িয়াতে প্রশি(িত ডাক্ত(ারের সংখ্যা মোট ৭। পশ্চিমবঙ্গ সরকারের সংস্থা ইলগাসের দেওয়া তথ্য থেকেই বেরিয়ে এসেছে ৩২ বছরের নগরোন্নয়নের ফলে বঙ্গ বাসীর কপালে জোটা এই সব মণিমুক্ত(ার খবর।

গ্রামীণ ও বস্তি অঞ্চলের জন্য অর্থ ব্যবহারে সম্পূর্ণ ব্যর্থতা দেখিয়েছে সিপিএম সরকার। কেন্দ্রীয় প্রকল্পের জন্য চিহ্নি(ত তহবিল অন্য তহবিলে স্থানান্তরিত করা যাবে না। ইতিমধ্যেই রাজ্য সরকার নির্দিষ্টভাবে চিহ্নি(ত প্রকল্পের অর্থ অন্য তহবিলে স্থানান্তরিত করেছে। যে সমস্ত আধিকারিক রাজনৈতিক নির্দেশ মান্য করে এ কাজে লিপ্ত তাদের কঠোরতম শাস্তি চাই।

চূড়ান্ত দলীয় রাজনীতিকরণের চাপে পশ্চিমবঙ্গের গ্রামসমাজ আজ পুরোপুরি বিপর্যস্ত। গ্রামসমাজের নিজস্ব চরিত্র ও গতি প্রকৃতি হারিয়ে গেছে, এসেছে শুধুই রাজনৈতিক দলের শাসন। একমাত্র পশ্চিমবঙ্গেই গ্রামসমাজের এই অদ্ভুত রূপান্তর দেখা যায়। শুধুমাত্র সরকারি (মতা ও রাজনৈতিক শক্তি(র আশ্রয়ে তৈরি হয়েছে এক বিশেষ শাসক শ্রেণি যারা নিয়ন্ত্রণ করে গ্রামসমাজের সবকিছুই। সাধারণ জীবিকা নির্বাহ থেকে দৈনন্দিন জীবনযাত্রা, গ্রামোন্নয়ন ও দারিদ্র দূরীকরণে সরকারি অনুদানের বিলি বন্দোবস্ত, স্থানীয় প্রশাসন, সর্বত্রই আছে স্থানীয় সিপিএম নেতা ও তার সাঙ্গপাঙ্গদের নিয়ে গড়ে ওঠা এই রাজনৈতিক শ্রেণির মাতব্বরি।

গ্রামোন্নয়নে সাফল্য! ভারত সরকারের এই সমী(াতেই বেরিয়ে এসেছে যে, গ্রামীণ ভারতে যেখানে ৫৫.৭ শতাংশ বাড়িতে বিদ্যুৎ ব্যবহৃত হয়, আজও গ্রামবাংলায় ওই হার ৩৪.৯ শতাংশ। ভারতের গ্রামাঞ্চলে ২৭.৯ শতাংশ বাড়িতেই পাইপের মাধ্যমে পানীয় জল যায়, সেখানে গ্রামবাংলায় ৯.৫ শতাংশ বাড়িতে এই সুযোগ। গোটা দেশে গ্রামগুলিতে ২৫.৫ শতাংশ পরিবারের পাকা কোঠা বাড়ি, কিন্তু পশ্চিমবঙ্গের গাঁয়ে ১৮.২ শতাংশ! ভারত জুড়ে গ্রামগুলিতে অন্তত ১২.১ শতাংশ পরিবারের ন্যূনতম একটা মোটরসাইকেলও আছে, কিন্তু গ্রামীণ অর্থনীতিতে উন্নয়নের জোয়ার আনার স্বঘোষিত ভগীরথ বুদ্ধবাবুর জমানায় গ্রামবাংলায় ওই হার মাত্র ৫.৫ শতাংশ। দেশে ৩০.৯ শতাংশ গ্রামীণ পরিবারের টেলিভিশন আছে, প(ান্তরে তিনদশকের সিপিআই(এম) রাজত্বের পর পশ্চিমবঙ্গে আছে ১৯.১ শতাংশ।

গত ৩২ বছরের বাম শাসনে পশ্চিমবঙ্গের গ্রামসমাজে এই বিশেষ শ্রেণি ত্র(মাগত পরিপুষ্ট হয়েছে সরকারি অর্থ নয়ছয় করে। ফলে মার খেয়েছে গ্রামোন্নয়ন ও গ্রামীণ দারিদ্র দূরীকরণ ব্যবস্থা। এখন জানা গেছে যে বিভিন্ন প্রকল্পে বরাদ্দ গরিবের চাল-গম পাচারে এই বামশাসিত পশ্চিমবঙ্গ দেশের মধ্যে প্রথম সারিতে। কেন্দ্রীয় সরকারের অর্থে বরাদ্দ চালের ৬৭ শতাংশ ও গমের ৮৩ শতাংশই পাচার হয়ে যায় অন্যত্র, রাজ্যের গরিব মানুষের কপালে জোটে না (ও আর জি সেন্টার ফর সোশ্যাল রিসার্চ)। বামফ্রন্টের অপশাসনে পশ্চিমবঙ্গের গ্রামের মানুষ বেঁচে থাকার ন্যূনতম সুযোগ-সুবিধা থেকেও বঞ্চিত। এর সূচকের হিসেবে দেখা যায় দেশের ১৫টি বড় রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান ১২তম। গ্রামে ন্যূনতম সুযোগ সুবিধার সূচকের হিসাবে পশ্চিমবঙ্গে আছে ৩৩ শতাংশ, যেখানে অন্যান্য রাজ্য, যেমন পাঞ্জাবে আছে ৮১, হরিয়ানায় ৭২, মহারাষ্ট্রে ৫৫ ও তামিলনাড়ুতে ৫৪ শতাংশ।

পঞ্চায়েত ব্যবস্থাকে মানুষের কল্যাণের কাজে লাগাতে হবে। চূড়ান্ত রাজনীতিকরণ ও রাজনৈতিক (মতার ছত্রছায়ায় পরিপুষ্ট শাসক শ্রেণির হুমকি, শাসানি, সামাজিক বয়কটের নাগপাশ থেকে পশ্চিমবঙ্গের গ্রামসমাজকে মুক্ত(করতে হবে। পুনর্গঠন করে সুস্থির করতে হবে গ্রামসমাজকে। উদ্দীপ্ত করতে হবে সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের স্রোতকে যা এতকাল অব(দ্ধ হয়েছে বামফ্রন্টের অপশাসনে। সামাজিক উদ্যোগের জোয়ার ছাড়া গ্রামোন্নয়ন কখনও সম্ভব হবে না। এই ল(্যে তৃণমূল কংগ্রেস তাই সার্বিক গ্রামোন্নয়নের কর্মসূচিতে বিশেষভাবে গু(ত্ব দেবে নিম্নলিখিত দিকগুলিকে—

- ✿ তৃণমূল স্তর থেকে বিকেন্দ্রীকৃত পরিকল্পনা তৈরির জাতীয় উদ্যোগ নিতে হবে এবং এতে পরিকল্পনা কমিশনকে সামিল করতে হবে। পঞ্চায়েতী রাজ ও পৌর স্বায়ত্তশাসনকে আরও (মতাশীল, সত্রি(য়, গণমুখী, স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত(করতে হবে।
- ✿ গ্রামীণ ও বস্তি অঞ্চলের জন্য অর্থ ব্যবহারে সম্পূর্ণ ব্যর্থতা দেখিয়েছে সিপিএম সরকার। কেন্দ্রীয় প্রকল্পের জন্য চিহ্নি(ত তহবিল অন্য তহবিলে স্থানান্তরিত করা যাবে না। ইতিমধ্যেই রাজ্য সরকার নির্দিষ্ট চিহ্নি(ত প্রকল্পের অর্থ অন্য তহবিলে স্থানান্তরিত করেছে। যে সমস্ত আধিকারিক রাজনৈতিক নির্দেশ মান্য করে এ কাজে লিপ্ত তাদের কঠোরতম শাস্তি চাই।
- ✿ দরিদ্র ও দুর্বল শ্রেণীর মানুষের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে সার্বিক গ্রামোন্নয়ন ও নগরায়নের পথে অগ্রসর হতে হবে। যাতে প্রাকৃতিক ভারসাম্য বজায় থাকে ও পরিবেশ দূষিত না হয়।
- ✿ সর্বগ্রাসী দলীয় নিয়ন্ত্রণমুক্ত(করে পঞ্চায়েত ব্যবস্থাকে গ্রামের স্বায়ত্তশাসনে সর্বোচ্চ (মতায় গ্রাম সংসদের প্রতিষ্ঠা করা হবে, যার সদস্য হবে গ্রামের প্রতিটি পরিবার।
- ✿ জেলা উন্নয়নের একত্রিত খাতে (ইউনিট ফান্ড) ব্যয় বরাদ্দ বৃদ্ধি করা হবে।
- ✿ গ্রামোন্নয়ন প্রকল্পগুলির যথাযথ ও স্বচ্ছ রূপায়ণ করা হবে।
- ✿ গ্রামীণ বৈদ্যুতিকরণ ও গ্রামীণ সড়ক যোগাযোগের ১০০ শতাংশ রূপায়ণ করা হবে।
- ✿ ইন্দিরা আবাস যোজনা ও অন্যান্য যোজনার পূর্ণাঙ্গ রূপায়ণে স্বল্প ব্যায়ের বাসস্থান, পানীয় জল ও শৌচ ব্যবস্থার সুযোগ সৃষ্টি করা হবে।

- ✿ গ্রামীণ স্বাস্থ্য ও শি(ার ব্যাপ্তি ঘটানো হবে।
- ✿ যথার্থ অরাজনৈতিক স্ব-নির্ভর গোষ্ঠী ও সমবায় আন্দোলনের বিকাশ করা হবে।
- ✿ গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টিতে কুটির শিল্প, হস্তশিল্প, ও অন্যান্য স্থানীয় পরিষেবা (ে ত্রের বিকাশ ঘটানো হবে।
- ✿ কাজের বদলে খাদ্য কর্মসূচিকে প্রাধান্য দেওয়া হবে।
- ✿ বছরে ৯০ দিনের কাজ ছাড়াও স্টেট এমপ্-য়মেন্ট অ্যাসুরেন্স স্কিম যাতে আরও বেশি মানুষের কাছে পৌঁছোয় তার ব্যবস্থা করা হবে।
- ✿ BPL কার্ড ঠিকমতো দেওয়া হবে।
- ✿ ১০০ দিনের কাজ সুনিশ্চিত করা হবে।

কর্মহীন শ্রমিক ও উন্নয়ন

স্বাভাবিকভাবেই পরিবর্তনের স্রোতে পুরনো শিল্পসংস্থা বন্ধ হয়, নতুন শিল্পসংস্থাও সৃষ্টি হয়। সত্যিকারের উন্নয়ন তখনই ঘটে, যখন নতুন শিল্পসংস্থার প্রতিষ্ঠা (গ্ন শিল্পসংস্থার সংখ্যাকে ছাপিয়ে যায়। এই প্রত্রি(য়ায় কর্মসংস্থানের সমস্যা এলেও তা হয় সাময়িক, (ণস্থায়ী। পশ্চিমবঙ্গের (ে ত্রে চিত্রটি তা নয়। বামফ্রন্টের অপশাসনে কল-কারখানা বন্ধ হয়েছে অনেক, আর সেই তুলনায় নতুন সৃষ্টি হয়নি প্রায় কিছুই। ফলে রাজ্যে ছাঁটাই হয়ে যাওয়া কর্মহীন শ্রমিকের সংখ্যা এক ভয়াবহ আকার ধারণ করেছে।

অসংখ্য ছাঁটাই শ্রমিকের ক(ণ দুর্দশার চিত্রটি শুধু এক মানবিক সমস্যা নয় তার আরও গু(তর দিক আছে। আর্থসামাজিক প্রে(িতে বৈষম্যের ত্র(মবর্ধমান টানাপোড়েনে সৃষ্টি হয়েছে রাজ্য জুড়ে এক অদ্ভুত অস্থিরতা। বুদ্ধদেব ভট্টাচার্যের 'উন্নয়ন ও শিল্পায়নের' চটক ও প্রচারসর্বস্বতার নীচে সৃষ্টি হয়েছে এক অগ্নিগর্ভ পরিস্থিতি।

কর্মহীন ছাঁটাই শ্রমিক ছাড়াও সৃষ্টি হয়েছে বিশাল আকারে উন্নয়ন-উদ্বাস্তু। বি(্বায়নের ফলে উন্নয়ন-উদ্বাস্তুর সৃষ্টি এক নতুন সমস্যা হিসেবে দেখা দিয়েছে সব উন্নয়নশীল দেশেই। তাই কোনও দায়িত্বশীল সরকার শুধুই উন্নয়ন নয়, উন্নয়ন-উদ্বাস্তু সমস্যা সম্বন্ধেও যথোচিত ব্যবস্থা গ্রহণ করে, যা এই বামফ্রন্টের ভাবনা-চিন্তায় স্থান পায়নি। বরং দেখা যায় বুদ্ধদেব ভট্টাচার্যের ষষ্ঠ বামফ্রন্ট সরকার মানবিকতার খাতিরেও ছাঁটাই শ্রমিক ও উন্নয়ন-উদ্বাস্তুর পুনর্বাসনে দৃষ্টিপাত করতে নারাজ। আইন অনুযায়ী যে ন্যূনতম ব্যবস্থা আছে। ব্যবস্থা আছে তাও প্রতিপালিত হয় না বামফ্রন্টের অপশাসনে। প্রভিডেন্ট ফান্ড, ই এস আই, গ্র্যাচুইটির টাকা পান না ছাঁটাই শ্রমিক। বহু শিল্প সংস্থায় প্রভিডেন্ট ফান্ডের টাকা নয়ছয় হয়েছে ও বকেয়া পড়ে আছে। বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতি দিয়েছিল যে ছাঁটাই শ্রমিকরা প্রতি মাসে ৫০০ টাকা ভাতা পাবে। সেই প্রতিশ্রুতি পালিত হয়নি যথাযথভাবে—অনেকেই কিছুই পাননি, আর অল্পসংখ্যক যারা পেয়েছেন তাদের কপালেও জুটেছে মাঝে মধ্যে, তিন-চার মাস পরে।

কর্মহীন শ্রমিক সম্পর্কে সুনির্দিষ্ট নীতি প্রণয়ন করতে হবে। যেখানে গু(ত্ব পাবে—

- ✿ পি এফ গ্র্যাচুইটি, ই এস আই সংত্র(ান্ত শ্রম-আইনগুলির যথাযথ ও পূর্ণ রূপায়ণ।
- ✿ বাজার মূল্য মাথায় রেখে কর্মহীন ছাঁটাই শ্রমিকদের ভাতার যথাযথ ব্যবস্থা করা।

উন্নয়ন - উদ্বাস্তু ও পুনর্বাসন

উন্নয়ন-উদ্বাস্তু সমস্যার দিকে নজর রেখে যে কোনও উন্নয়ন প্রকল্পে উদ্বাস্তু পুনর্বাসনে ব্যয়-বরাদ্দ রাখা আজকাল বাধ্যতামূলক শর্ত। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা থেকে উন্নয়ন প্রকল্পে যা ঋণ বা অনুদান আসে তার মধ্যে পুনর্বাসনের খরচও দেওয়া থাকে। কিন্তু পশ্চিমবঙ্গে এই পুনর্বাসন আর বাস্তবে ঘটে না—সব টাকাই চলে যায় ঠিকেদারদের সঙ্গে যোগসাজশে স্থানীয় সিপিএম নেতাদের পেট ভরাতে।

পশ্চিমবঙ্গে ছাঁটাই কর্মহীন শ্রমিক ও উন্নয়ন-উদ্বাস্তুর বিশাল আকার যে ভয়াবহ অবস্থা ও অগ্নিগর্ভ পরিস্থিতির সৃষ্টি করেছে তাতে বিশেষ গু(ত্ব দিয়ে এই বিষয়ে সুনির্দিষ্ট নীতি গ্রহণ আজ একান্ত জ(রি। তৃণমূল কংগ্রেস উন্নয়ন-উদ্বাস্তু পুনর্বাসনের সুনির্দিষ্ট নীতি প্রণয়ন করবে, যেখানে গু(ত্ব পাবে—

- ✿ যারা ১৯৭১ সালের আগে এসেছে তাদের (ে ত্রে চাকুরি বিশেষ অগ্রাধিকার দেওয়া এবং উদ্বাস্তু পুনর্বাসনের (ে ত্রে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে তার সমাধান করা। এদের (ে ত্রে নির্দিষ্ট ব্যাঙ্ক তৈরি করা।
- ✿ জোর করে বাস্তুচ্যুত করা যাবে না।
- ✿ প্রত্যেক উন্নয়ন প্রকল্পে প্রয়োজনীয় পুনর্বাসনের ব্যবস্থা রাখা।
- ✿ অসংগঠিত (ে ত্রগুলি থেক অনাবশ্যক ও পুনর্বাসনহীন উচ্ছেদ বন্ধ রাখা।
- ✿ একটি সার্বিক পুনর্বাসন তহবিল গঠন করা ও তার যথাযথ ব্যবহার করা।
- ✿ উদ্বাস্তুদের সমস্যার সমাধানে বিশেষ উদ্যোগ গ্রহণ করা ও উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরকে উপযুক্ত(গু(ত্ব দিয়ে দেখা।

বেকার সমস্যা - স্বনিযুক্তি(ও অসংগঠিত (ে ত্রের সম্ভাবনা

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য বিভাগ থেকে জানা যায় যে বামফ্রন্ট সরকার ল(ল(জনগণের টাকা খরচ করে বিভিন্ন বিজ্ঞাপনের মাধ্যমে শিল্পায়ন ও কর্মসংস্থানের সম্ভাবনার আকাশ কুসুম স্বপ্ন দেখাচ্ছে। তার মধ্যে মূলত দূরদর্শন, রাস্তার ধারের হোর্ডিং, ব্যানার ইত্যাদি অন্যতম।

পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার (মতায় আসার সময় নথিভুক্ত(বেকার সংখ্যা ছিল ১২ ল(, আজ তা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ৭০ ল(। তার মধ্যে শি(িত (মাধ্যমিক ও তার ঊর্ধ্ব) বেকার অর্ধেকেরও বেশি। এই সংখ্যায় পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে ওপরের দিকে স্থান করে নিয়েছে। এ তো গেল শুধু নথিভুক্ত(বেকার সংখ্যা। নথিভুক্ত(নয় এমন বেকার সংখ্যার হিসেব আমাদের জানা নেই। শি(িত বেকার রয়েছেন ৩৪ ল(। গ্রামে বেকারের সংখ্যা ৩১.২৭ ল(। সব থেকে আশঙ্কাজনক হল পশ্চিমবঙ্গে বেকারির হার বেড়ে দাঁড়িয়েছে ১৪.৯৯ শতাংশে। ভারতবর্ষের শতকরা হিসেবে যা ৫.৯১ শতাংশ। 'উন্নততর বামফ্রন্ট' (ে-াগান নিয়ে জিতে আসা ষষ্ঠ বামফ্রন্ট সরকারের এই হচ্ছে যুব সম্প্রদায়ের কর্মসংস্থানের হার। আর এখন 'চটক' হিসেবে (ে-াগান হল 'উন্নততর পশ্চিমবঙ্গ'। আমাদের অন্যতম সংকল্প ''বেকারদের জন্য কর্মসংস্থান''। তাই আমরা বলি ''বেকারত্ব হঠাও, জীবন বাঁচাও।''

বামফ্রন্ট সরকার বেকারদের কর্মসংস্থানের জন্য বিগত বছরগুলিতে কী করেছে? ৮০,০০০ সরকারি পদ এই সরকার শূন্য রেখেছে। ৭২,০০০ প্রাথমিক শি(কের নিয়োগ অনিশ্চিত করেছে। এভাবেই খালি করে রেখেছে বিভিন্ন স্কুল, কলেজ, স্বাস্থ্য দপ্তর এবং স্বাস্থ্য কেন্দ্র ও হাসপাতালের বহু পদ। শুধুমাত্র আর্থিক সংকটই যে এর কারণ তা ন্যায়। আসলে সিপিএম নিজেদের ক্যাডারবাহিনী থেকে 'আমাদের লোক' ছাড়া আর কারও কর্মসংস্থান করতে নারাজ। সরকারের টাকার অভাব হয় না 'বিজ্ঞাপন' সংক্র(ান্ত কাজে বা মন্ত্রী, নেতাদের জীবনযাপনকে আরও সমৃদ্ধ ও উন্নততর করতে। নির্বাচনের আগে তাহলে তারা কীভাবে কর্মসংস্থানের প্রতিশ্রুতি দিয়ে বিভ্রান্ত করছে জনগণকে! এখন কি আর্থিক সংকট আর নেই?

বন্ধ শিল্পের কারণে ১৫ ল(লোক ছাঁটাই হয়েছে। ফলে অনাহার মৃত্যুকে বরণ করেছে অনেকে। বামফ্রন্ট সরকার কখনও কখনও কোনও সাহায্যের হাত বাড়িয়ে দেয়নি এই অনাহারক্লিষ্ট মানুষদের দিকে। উত্তরবঙ্গের চা বাগানের না খেতে পাওয়া, অপুষ্টিতে ভোগা লোকজনের জন্য ব্যবস্থা করেনি কোনও সরকারি সাহায্যের। এমনকি খোদ মুখ্যমন্ত্রীর নির্বাচনী কেন্দ্র যাদপপুর-এ বন্ধ হয়ে যাওয়া সুলেখা ফ্যাক্টরির শ্রমিকরাও না খেতে পেয়ে আত্মহননের পথই বেছে নিয়েছে। প্রায় ৮০,০০০ সরকারি কর্মী বেসরকারিকরণের কারণে হারাতে বসেছে তাদের চাকরি।

শ্রমিকদের বড় অংশের কর্মসংস্থান হল (ুদ্র শিল্প সংস্থায়। প্রায় দেড় ল(সংস্থা (দেশের সাতচল্লিশ শতাংশ) বন্ধ হয়ে গেছে। তার জন্য অধিকাংশ (ে ত্রে সিপিএম-এর স্থানীয় চক্র(ই দায়ী। এই শিল্পগুলিকে র(া করতে কখনওই বামপন্থী সরকার এগিয়ে আসেনি, বাড়ায়নি সাহায্যের হাত। প্রচারসর্বস্ব বামফ্রন্ট সরকার তোতাপাখির মতো স্বনির্ভর করে তোলার জন্য বেকার যুবকদের মুখেই উৎসাহ দিয়ে গেছে। নিজেদের পছন্দসই লোক ছাড়া কাউকেই এ ব্যাপারে আর্থিক সহায়তা দান করেনি এই সরকার।

শহরের কর্মসংস্থানের জন্য 'শহরি রোজগার যোজনায়' কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তাও সঠিকভাবে কার্যকরী করেনি বামফ্রন্ট সরকার। একই ভাবে অকৃতকার্য হয়েছে সম্পূর্ণ রোজগার যোজনা, গ্রামীণ দরিদ্র শ্রেণির জন্য।

'বাংলার মুখ' এর মতো কম্পিউটার তথ্যপ্রযুক্তি(গত প্রকল্প অসফল হয়েছে। বাম জমানায় গ্রাম এবং শহর সর্বত্রই কর্মসংস্থান স্বাধীনতা পরবর্তী যুগের ইতিহাসে সবচেয়ে কম। ১৯৮০ সালে সংগঠিত (ে ত্রে কর্মসংস্থান ছিল ২৬.৬৪ আর ২০০৪ সালে তা হয়ে দাঁড়িয়েছে ২২.৩০ লাখ। এই কি তবে বর্তমান মুখ্যমন্ত্রীর উন্নয়নের সব থেকে বড় অর্জন! তথ্যপ্রযুক্তি(র যথাযথ রূপায়ণ না হলে শুধুমাত্র শিলান্যাস আর যুব সম্প্রদায়ের জন্য অনেক অনেক কর্মসংস্থানের প্রতিশ্রুতি আজ জনমানসে 'হাওয়ার ফানুস'-এর মতো হয়ে দাঁড়িয়েছে। তথ্যপ্রযুক্তি(এবং পরিকাঠামো তৈরির নামে প্রমোটারির ব্যবসা সামলাতে গিয়ে মৌখিক প্রতিশ্রুতি দেওয়া ছাড়া বেকার যুবকদের কর্মসংস্থানের দিকে দৃষ্টিপাতও করেনি এই সিপিএম পরিচালিত সরকার। এই পাপের বোঝা আর সাংস্কৃতিক উন্নয়নশীল মুখ্যমন্ত্রী কত বাড়াবেন সে ব্যাপারে ভেবেছেন কি?

অসংগঠিত (ে ত্রেও এই একই হাল, এখানেও রাজ্য সরকারের ভূমিকা মূক ও বধিরের মতোই। সমকালীন উন্নয়ন ও শিল্পায়নে সংগঠিত (ে ত্রের পাশাপাশি অসংগঠিত (ে ত্রেরও গু(ত্বপূর্ণ ভূমিকা আছে সে বিষয়ে বামফ্রন্ট তাত্ত্বিক নেতারা একেবারেই

অবহিত নন। অসংগঠিত ে ত্রের বিকাশের সঠিক দিকে বাহিত করা ও তার কর্মকাণ্ডের পরিবেশকে নিয়ন্ত্রণ ও উন্নত করা আজ অত্যন্ত জ(রি। নিয়ন্ত্রণ মানে উচ্ছেদ নয়। এই বামফ্রন্ট সরকার নিয়ন্ত্রণের নামে উচ্ছেদ করে ধ্বংস করছে অসংগঠিত ে ত্রকে— বস্তি উচ্ছেদ, হকার উচ্ছেদ, স্থানীয় বাজার উচ্ছেদে বিপন্ন হয়েছে (জি-রোজগার হারানো লাখ লাখ মানুষ ও তাদের পরিবার। স্থানীয় বাজারগুলিকে ভেঙে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠা করছে বৃহৎ শপিং মলের ব্যবসা। হকার, খাদ্য সামগ্রী বিত্রে(তা, কুলি, ে দ্র ব্যবসায়ী, পণ্য পরিবহন, সেলসে কর্মরত মানুষ, ছুতোর, দরজি, কল সারানোর মিস্ত্রি, জুতো তৈরির শ্রমিক, যৌনকর্মী ইত্যাদিদের জন্যও সরকারের কোনও সুনির্দিষ্ট নীতি নেই। নেই কোনও সাহায্যের প্রয়াসও। এদের কাজকে আরও উন্নত করার জন্য এই ২৯ বছরে জনদরদী বামফ্রন্ট সরকার শুধুমাত্র মিটিং মিছিলে বলপূর্বক এঁদের যোগদান ভিন্ন এদের কর্মসংস্থানকে আর একটু উন্নতির মুখ দেখাতে কোনও সরকারি ঋণ বা অনুদান বা অন্যান্য সুযোগ সুবিধা দেওয়ার কথা ভেবেও দেখেনি। এটা শুধুমাত্র সরকারের আর্থিক অসুবিধার কারণ নয়, যথেষ্ট সদিচ্ছার অভাবকেই প্রকট করেছে। যেখানে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে গ্রাম ও শহরভিত্তিক কর্মসংস্থানের জন্য নানান খাতে সাহায্য পাওয়া যায়, সেখানেও শুধু রাজনীতিকরণ ছাড়া সাধারণ মানুষের জন্য সিপিএম পরিচালিত সরকার তার যথাযথ ব্যবহার করেনি। শুধু লুটেপুটে খেয়ে নিয়েছে সরকারি অর্থ।

যারা উচ্চশি(ার সুযোগ পায় তারা চলে যায় বিদেশে। দেশের কাজে আমরা তাদের ধরে রাখতে পারি না। সেরকম কোনও ব্যবস্থা এরাজ্যে নেই। আবার উচ্চ শি(ার সুযোগ যারা পায় না তারাও দিল্লি, মুম্বাই, রাজস্থানে চলে যেতে বাধ্য হয়। ল(ল(জন। কেউ সোনার কাজ করে, কেউবা পাথর কাটে। আর যেভাবে সেখানে তাদের থাকতে হয় সেটা মানুষের জীবন নয়।

ভারতের প্রতি পরিবার থেকে অন্তত একজন স(ম প্রাপ্তবয়স্কের ন্যূনতম কমসংস্থানের উদ্যোগ রাষ্ট্রকে নিতে হবে। 'কাজের অধিকার'কে সংবিধানে মৌলিক অধিকার হিসাবে স্বীকৃতি দেওয়ার দাবিতে তৃণমূল কংগ্রেস সত্রি(য় থাকবে।

তৃণমূল কংগ্রেস এই জ্বলন্ত সমস্যার কথা মাথায় রেখে কর্মসংস্থানের জন্য যে সব সুনির্দিষ্ট পদ(প গ্রহণ করতে চায়, সেগুলি হল—

- ✿ ে দ্র ও মাঝারি শ্রমনিবিড় শিল্পে বিনিয়োগ আকর্ষণ করা।
- ✿ বিভিন্ন সরকারি সংস্থা, স্কুল, কলেজ, হসপিটাল এবং আধা-সরকারি সংস্থাগুলির শূন্যপদ পূরণ করা।
- ✿ স্বনির্ভর এবং ে দ্র শিল্পগুলিকে সমবায়িক ব্যবস্থার সাহায্য দেওয়া।
- ✿ যথার্থ অরাজনৈতিক স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান তৈরি করা।
- ✿ কর্মসংস্থানের বৃদ্ধির বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পগুলির স্বচ্ছ ও পূর্ণ রূপায়ণ।
- ✿ মৃতপ্রায় ে দ্র শিল্পগুলিকে পুন(জ্জীবিত করা শ্রমিক সমবায়ের মাধ্যমে।
- ✿ নানা ধরনের স্বনিযুক্তি(র প্রয়োজনীয় কর্মশি(ার ব্যবস্থা করা ও বিভিন্ন কুটিরশিল্প, হস্তশিল্প ইত্যাদির জন্য 'সীড মানি লোন' এর ব্যবস্থা করা।
- ✿ বেকার ও অসংগঠিত ে ত্রের কর্মীদের যেমন, হকার, সবজি ও খাদ্যবিত্রে(তা, ঠেলাচালক, রিক্সাচালক, দিনমজুর, ঠিকাশ্রমিক, গৃহপরিচারক বা পরিচারিকা,

যারা কোনও সরকারি সুযোগ পান না, তাদের ভবিষ্যৎ নিশ্চিত করতে সামাজিক সুর(ার বিশেষ পরিকল্পনা।

- ✿ যৌনকর্মীদের চিকিৎসা ও তাদের সন্তানদের স্বাস্থ্য, শি(া এবং কর্মসংস্থানের নিশ্চয়তা-সহ সামাজিক সুর(া বলয়ে আনতে হবে।
- ✿ সেলসে কর্মরত কর্মীদের চাকরির নিরাপত্তা সহ সামাজিক সুর(া বলয়ে আনতে হবে অর্থাৎ সেলস্ প্রোমোশনে নিযুক্ত(কর্মচারীদের সংগঠিত শিল্প-শ্রমিকের মর্যাদা দিতে হবে।

দারিদ্র দূরীকরণ

রাজ্যের ৪০ শতাংশেরও বেশি মানুষ দারিদ্রসীমার নিচে বাস করেন। যার বেশিরভাগটাই গ্রামীণ মানুষ। বিপিএল কার্ড নিয়ে চরম অবহেলা চলছে। শি(া, স্বাস্থ্য, বিশুদ্ধ পানীয় জল, শৌচাগার নির্মাণ, গ্রামীণ সড়ক নির্মাণ, শিশুশি(া, মিড-ডে মিল, গ্রামীণ বিদ্যুৎ প্রভৃতি সামাজিক ও বস্তুগত পরিকাঠামো নির্মাণের ে ত্রে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ।

২২ অক্টোবর, ২০০৮ পার্লামেন্ট কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী জানিয়েছেন ভারতের ২০০৫-এ ২৮.৩ শতাংশ গ্রামীণ দারিদ্রসীমার নিচে। ভারতে গরিবী রেখা স্থির হয়েছিল ১৯৭৩-৭৪ সালে। গাঁয়ে ২৪০০ ক্যালোরি ও শহরে ২১০০ ক্যালোরি লাগে বাঁচতে একজন মানুষের। যে পরিমাণ টাকা ওই ক্যালোরির যোগান দেওয়া খাদ্য কিনতে পারে সেটাই দারিদ্ররেখা। ২০০৪-০৫ সালে নির্ধারিত গ্রামীণ দারিদ্ররেখা হচ্ছে মাথাপিছু মাসিক ৩৫৬.৩০ টাকা। এর নিচে আয় করা প্রত্যেকেই দারিদ্রসীমার নিচে। বা দিন ১২ টাকা রোজগার করতে না পারা মানুষই দারিদ্রসীমার নিচে। তিন দশক সিপিআই(এম) রাজত্ব চলার পরে গ্রামবাংলায় দৈনিক ১২ টাকা রোজগার করতে না পারা মানুষের সংখ্যা দাঁড়িয়েছে ১ কোটি ৭৩ ল(২২ হাজার মানুষে! বা জনসংখ্যার ২৮.৬ শতাংশ গড় ভারতের চেয়েও বেশি! আর গাঁ ও শহর মিলিয়ে ২ কোটি ৮ ল(৩৬ হাজার পশ্চিমবঙ্গবাসী সর্বশেষ সরকারি হিসাব অনুযায়ী দারিদ্রসীমার নিচে! ৩৪ রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের চেয়ে খারাপ অবস্থা কেরল, ঝাড়খণ্ড-ছত্তিশগড়, বিহার, ওড়িশা, উত্তরাখণ্ড, মধ্যপ্রদেশ ও দাদরা-নগর হাভেলিতে। সামাজিক উন্নয়নের ল(্যে বিভিন্ন রাজ্যসরকার খরচ করে স্বাস্থ্য-শি(া-গণবন্টন প্রভৃতি খাতে। Social Services খাতে পশ্চিমবঙ্গের ে ত্রে মাথাপিছু খরচ কমেই চলেছে। জ্যোতি বসুর বিদায় বেলায় ১৯৯৯-২০০০-এ ছিল ৬৭৫ টাকা! বুদ্ধদেব ভট্টাচার্য ওই অকিঞ্চিৎকর খরচকেও নামিয়ে আনলেন ২০০৬-২০০৭-এ ৫৬৯ টাকায়! বামসরকার রতন টাটাকে ১ শতাংশ সুদে ২০০ কোটি টাকার দীর্ঘমেয়াদি ঋণ দিয়েছেন। অথচ সরকারের ভাঁড়ে মা ভবানী! পশ্চিমবঙ্গের সামগ্রিক উৎপাদনের সঙ্গে রাজ্য সরকারের দেনার অনুপাত দাঁড়িয়েছে ২০০৪-০৫-এ ৫০.৮ শতাংশ, যা ২০০৬-০৭-এ সামান্য নেমে হয়েছে ৪৭.২ শতাংশ! ২০০৮ অক্টোবরে প্রকাশিত হয়েছে The India State Hunger Index-এতে দেখা যাচ্ছে ভারতের অন্যান্য রাজ্যের কথা দূর স্থান, নাইজিরিয়া, কঙ্গো, মিয়ামার, পাকিস্তান, ঘানা, লিবিয়ার মতো অনুন্নত রাষ্ট্রের চেয়েও ে ধার প্রাবল্য পশ্চিমবঙ্গে বেশি! তৃণমূল কংগ্রেস পশ্চিমবঙ্গ থেকে ে ধার এই নরক যন্ত্রণা দূর করতে দৃঢ়প্রতিজ্ঞ। ৩২ বছর ধরে পশ্চিমবঙ্গকে

লুটেপুটে যারা শ্মশান বানিয়েছে, সেই প্রেতশক্তি(কে বাংলার মসনদ থেকে হঠাতে তৃণমূল কংগ্রেস বদ্ধপরিকর। জাতির পিতার স্বপ্নকে বাস্তবায়িত করে প্রতিটি বঙ্গবাসীর আঁখিকোণ থেকে অশ্রুবিন্দু তৃণমূল কংগ্রেস মুছবেই।

- ✿ সময়োপযোগী ও বিজ্ঞানসম্মত দারিদ্ররেখা নির্ধারণ করে সার্বিক স্বচ্ছতার মাধ্যমে দারিদ্র সীমার নিচে অবস্থিত মানুষজনকে চিহ্নি(ত করে প্রকৃত বিপিএল তালিকা প্রস্তুত করতে হবে এবং এদেরকে দারিদ্র সীমার ওপরে তুলে আনার কাজকে অগ্রাধিকার দিতে হবে।
- ✿ দারিদ্র দূরীকরণের প্রত্যেকটি প্রকল্পের স্বচ্ছ ও পূর্ণ রূপায়ণ, বি পি এল তালিকার সর্বসমক্ষে প্রকাশ ও প্রদর্শন।

তৃণমূল কংগ্রেস দারিদ্র দূরীকরণে বিশেষভাবে গু(ত্ব দেবে—

- ✿ দারিদ্র সীমার নীচে এদের মধ্যে যারা রয়েছেন তাদের বাসস্থানের ব্যবস্থা করা। শি(া ও স্বাস্থ্যর ব্যবস্থা করা।
- ✿ এদের উন্নয়নের জন্য রাজ্য সরকারের তরফে বিশেষ টাস্কফোর্স গঠন করা।
- ✿ এই শ্রেণীর যুব সমাজকে স্বনির্ভর করার জন্য সাহায্য হিসেবে বিশেষ ভর্তুকির ব্যবস্থা করা।
- ✿ এদের স্থানীয় ভাষা, সংস্কৃতি ও কৃষ্টিসহ সমস্ত ধর্মীয় আচরণবিধিকে সুর(া প্রদান করা।
- ✿ এদের শি(ার জন্য প্রাথমিক ও মাধ্যমিক স্কুল তৈরি করা।
- ✿ দরিদ্র সম্প্রদায়ের শি(া, চাকরি ইত্যাদির প্রতি যথেষ্ট যত্নবান হয়ে এদের উন্নতিকরণ প্রক্রি(য়াকে ত্বরান্বিত করা।

সংখ্যালঘু, তপশিলী জাতি - জনজাতি ও অনগ্রসর শ্রেণি

✿ **সাচার কমিটির রিপোর্টে** প্রমাণিত হয়েছে এরাজ্যের সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের মানুষের অধিকাংশই চরম দারিদ্র, শি(াহীনতা ও অনগ্রসরতার শিকার। অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের অবস্থাও অথৈবচ। শি(া ও কমসংস্থানের ক্ষেত্রে আইনি ও সাংবিধানিক সুযোগ থেকে বঞ্চিত এই বিপুল সংখ্যক মানুষ। সামাজিক মর্যাদার প্রশ্নেটিও গভীরভাবে ভাবাচ্ছে তাদের। এইসব পশ্চাদপদ অনগ্রসর শ্রেণির মানুষের উন্নয়নের প্রশ্নে শোচনীয়ভাবে ব্যর্থ রাজ্য সরকার।

পশ্চিমবঙ্গের সরকারি চাকরিতে ১৯৪৭-এর অব্যবহিত পরে মুসলমানদের প্রতিনিধিত্ব ছিল শতকরা ১৭ ভাগ। সিদ্ধার্থ রায় মন্ত্রিসভার আমলেও এই সংখ্যা ছিল শতকরা ৯ ভাগ। তারপর থেকে এই সংখ্যা ধারাবাহিকভাবে কমতে কমতে সিপিআই(এম) শাসনে নেমে এসেছে শতকরা ২ ভাগেরও নিচে। উচ্চ শি(ায় মুসলিম প্রতিনিধিত্ব শতকরা এক ভাগেরও কম। অথচ সংখ্যালঘু শি(া প্রতিষ্ঠানগুলিতে (মাদ্রাসা বা মিশনারি শি(া প্রতিষ্ঠানে) দলীয় আধিপত্য বিস্তারের অপচেষ্টা চলছে লাগাতারভাবে।

আমাদের রাজ্যে বসবাসকারী সংখ্যালঘু সম্প্রদায়ের সংখ্যা দেশের মধ্যে সবচেয়ে বেশি। সাচার কমিটির রিপোর্টে এই রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের অবস্থার বাস্তবচিত্র তুলে ধরা হয়েছে। সংখ্যালঘু সম্প্রদায়কে এ রাজ্যের সিপিএম শাসিত বামফ্রন্ট শুধু মাত্র ভোটের হাতিয়ার হিসাবে ব্যবহার করে কিন্তু তাদের জীবনের মানোন্নয়নের জন্য কোনও

ব্যবস্থাই নেয় না। তারা এই রাজ্যে দেশের অন্য রাজ্যের তুলনায় আর্থিক, সামাজিক, শি(া প্রায় সব ক্ষেত্রেই বঞ্চিতদের দলে, একথার স্বীকৃতিও মেলে মানব উন্নয়ন রিপোর্টে, সাচার কমিটির রিপোর্টে। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের এই অবহেলা দূরীকরণে 'বিশেষ আর্থিক তহবিল' গঠন করে ব্যবস্থা নিতে হবে।

সংখ্যালঘুদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটাতে সাচার কমিটি সহ অন্যান্য কমিটি কমিশনের সুপারিশ কার্যকর করতে হবে এবং তপশিলী জাতি-জনজাতি-আদিবাসী ও অনগ্রসর শ্রেণীর মানুষের প্রকৃত উন্নয়নের সরকারকে সদর্থক ভূমিকা পালন করতে হবে।

